
# গণিত মজা

## তৃতীয় শ্রেণী

(পাঠ্য-পুস্তক ও কার্য্যপুস্তক)



শিক্ষক শিক্ষা নির্দেশালয় এবং রাজ্য
শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ,
ওড়িশা, ভুবনেশ্বর

ওড়িশা বিদ্যালয় শিক্ষা কার্যক্রম
প্রধিকরণ, ওড়িশা, ভুবনেশ্বর

# গণিত মজা

## তৃতীয় শ্রেণী

লেখক মণ্ডলী ঃ
শ্রী নগেন্দ্র কুমার মিশ্র
শ্রী তাপস কুমার নায়ক
শ্রী চর্তুভূজ প্রধান

সমীক্ষক ঃ
শ্রী জগবন্ধু মিশ্র
শ্রী চর্তুভূজ প্রধান

সংযোজনা ঃ
প্রীতিলতা জেনা
ড. তিলোত্তমা সেনাপতি
ড. সবিতা সাহু

অনুবাদক মণ্ডলী ঃ-
দিপাস্য কুণ্ডু
সুচিত্রা দাস ( অনুবাদক)
মধুমিতা ব্যানার্জ্জী (সমীক্ষক)

সংযোজনা ঃ-
ড. সবিতা সাহু

প্রকাশক ঃ
বিদ্যালয় ও গণশিক্ষা বিভাগ
ওড়িশা সরকার

মুদ্রন ঃ
২০১৯

প্রস্তুতি ঃ
শিক্ষক শিক্ষা নির্দেশালয় এবং
রাজ্য শিক্ষা গবেষনা ও প্রশিক্ষন পরিষদ
ওড়িশা, ভূবনেশ্বর।
ও
ওড়িশা রাজ্য পাঠ্যপুস্তক ও প্রকাশন সংস্থা
ভূবনেশ্বর।

মুদ্রন ঃ
পাঠ্যপুস্তক উৎপাদন ও বিক্রয়, ওড়িশা
ভূবনেশ্বর - ১



জগতমাতার চরণে অদ্যাবধি আমি যে যে উপঢৌকন দিয়েছি, সেগুলির মধ্যে মৌলিক শিক্ষা আমাকে সবথেকে অধিক ক্রান্তিকারী ও মহত্বপূর্ণ বলে মনে হচ্ছে। এর থেকে অধিক মহত্বপূর্ণ ও মূল্যবান উপঢৌকন আমি যে জগতের সন্মুখে রাখতে পারবো, তা আমার প্রত্যয় হচ্ছে না। এখানে রয়েছে আমার সমগ্র রচনাত্বক কার্য্যক্রমকে প্রয়োগাত্মক করিবার চাবি। যে নতুন দুনিয়ার জন্য আমি ছটপট করছি, তা এখান থেকেই উদ্ভব হতে পারবে। এটা আমার অন্তিম অভিলাষ বললে অত্যুক্তি হবে না।

মহাত্মা গান্ধী


# সূচী পত্র


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | কাগজ খেলা | ১ |
| ২ | বস্তু থেকে আকৃতি জানব | ১৪ |
| ৩ | চলো আমার গণনা করব | ২৩ |
| ৪ | এসো আমরা খেলি | ৩০ |
| ৫ | আগে পরে জানব | ৩৪ |
| ৬ | জোড় বিজোড় সংখ্যা চিনব | ৩৭ |
| ৭ | স্থান জানব | ৪২ |
| ৮ | কে বেশি কে কম | ৪৬ |
| ৯ | এসো যোগ শিখব | ৫৩ |
| ১০ | বিয়োগ জানব | ৫৯ |
| ১১ | এসো গুনন করব | ৬৯ |
| ১২ | এসো বন্টন করব | ৮০ |
| ১৩ | মাপ করব | ৯৩ |
| ১৪ | ওজন ও পরিমান জানব | ১০৪ |
| ১৫ | ক্যালেন্ডার থেকে শিখব | ১১৮ |
| ১৬ | টাকা পয়সা হিসাব | ১২২ |
| ১৭ | সময় বলে আমি ঠিক ঠিক | ১২৯ |
| ১৮ | তথ্য জানব | ১৩৯ |

অধ্যায় ১

# কাগজ খেলা


চিঙ্গু ও মিঙ্গু কাগজ নিয়ে খেলতে আরম্ভ করে দিলো। কাগজ কে ভাঁজ করে তাতে নৌকা, পটকা, টুপি, ট্রে, বল, প্রভৃতি তৈরি করলো। প্রথমে চিঙ্গু একটা কাগজ নিয়ে সেখান থেকে কি তৈরি করলো দেখ।





চিঙ্গু কাগজ টিকে ভাঁজকরে তার থেকে কি তৈরী করলো?

**শিক্ষকদের জন্য সূচনা ঃ** কাগজের নৌকা তৈরী হওয়ার মত পটকা, টু পি, ট্রে, উড়োজাহাজ, বল ইত্যাদি তৈরী করা ছেলে মেয়ে দের শেখাতে হবে।


চিত্রতে দেওয়া ছবির মত একটা চারকোনো কাগজ নাও। একটা কোনকে ধরে ভাঁজ কর। দাগ পড়ার মত তাকে খুব জোরে চেপে দাও। কাঁচির সাহায্যে দাগপড়া স্থানে কেটে দাও। মুল কাগজ থেকে আলাদা হয়ে যাওয়া কাগজ খানা একটা ত্রিভুজ আকৃতি।



এখন আর একটা কাগজ নাও ও তাতে রঙ্গ দাও। কাগজকে কেটে ত্রিভুজ তৈরী কর ও এই ত্রিভুজ কে তুমি খাতার উপর আঠা দিয়ে লাগাও।





যে রেখা গুলি দ্বারা ত্রিভুজটি গঠিত, সেগুলিকে ত্রিভুজের বাহু বলা হয়। ত্রিভুজের কটা বাহু আছে?





এখানে দেওয়া ত্রিভুজের নাম হচ্ছে কখগ, এর তিনটি বাহুর নাম কখ, খগ ও গক।

**নীচে দেওয়া প্রত্যেক ত্রিভুজ ও তার বাহু গুলির নাম লেখ।**




তোমার খাতায় দেসলাই বাক্স রেখে তার চারি দিকে পেন্সিলের দাগ টানো। দেখো কেমন চিত্র পাচ্ছো। এ প্রকার আকৃতিকে আয়তক্ষেত্র চিত্র বলা হয়। এর ভিতরের অংশে রঙ্গ দাও।





এর চারিদিককে চেনাতে থাকা রেখা কে বাহু বলা হয়। আয়তক্ষেত্রের কটা বাহু আছে?





এই আয়তক্ষেত্রের নাম কখগঘ।
এর বাহু গুলির নাম কখ, খগ, গঘ, ঘক।


- **নীচে দেওয়া আয়তক্ষেত্র গুলির নাম লেখ।**




সাইকেলের ভাল্ব টিউব এ দেশলাই কাঠি বা ঝাঁটা কাঠিকে জুড়ে ত্রিভুজ তৈরি করা যায়। তিনটি কাঠি ও তিনটি ভাল্ব টিউব ব্যবহার করে একটা ত্রিভুজ তৈরি কর।



পূর্ব পৃষ্টায় দেওয়া কখগঘ আয়তক্ষেত্রের বাহুর দৈর্ঘ্যের সমান মাপের চারিটি কাঠি নিয়ে আয়তক্ষেত্র চিত্র তৈরী কর।




- চারটি সমান মাপের দেশলাই কাঠি নিয়ে ভাল্ব টিউব দ্বারা জুড়ে নীচে দেওয়া আকৃতি তৈরি কর।




এ প্রকার আকৃতিকে **বর্গক্ষেত্র** বলা হয়।

### এস কাগজ কেটে বর্গক্ষেত্র তৈরী করব।

- এক পৃষ্ঠা আয়তাকৃতি কাগজ নাও।
- চিত্রতে দেখানর মত এর ক্ষুদ্রতম (ছোট) দিগটা বড়দিগের উপর ভাঁজ কর ।
- কাগজের বাড়তি অংশ কে কাঁচির সাহায্যে কেটে দাও।
- এখন ভাঁজ হয়ে থাকা অংশকে খুলে দাও।
- তুমি একটা বর্গক্ষেত্র পাবে।
- এই বর্গচিত্র টিকে রঙ্গ কর।



নীচে দেওয়া চিত্র দুটিকে লক্ষ্য কর।





কখগঘ কে কি প্রকার চিত্র বলা যাবে। পফবভ কে কিপ্রকার চিত্র বলা যাবে?

উভয় বর্গচিত্র ও আয়তক্ষেত্রর বাহুদের ওপর সেই মাপের কাঠি সাজাও।


প্রত্যেক চিত্রের বাহুদের দৈঘ্যের সঙ্গে কি (সম্পর্ক) লক্ষ্য করছো লেখ।

বর্গক্ষেত্রর সমস্ত বাহুর দৈঘ্য সমান।
আয়তচিত্রের কেবল বিপরীত বাহুদের দৈর্ঘ্য সমান।




আয়তক্ষেত্রের ২টি বিপরীত শীর্ষ (ক ও গ) কে রেখা দ্বারা জোড়া হয়েছে অন্য বিপরিত শীর্ষ দুটিকে জোড়।

এর দ্বারা কগ ও খঘ রেখা সৃষ্টি হয়েছে, এদের আয়তক্ষেত্রের কর্ণ বলা হয়।
তুমি সে রকম পাশের বর্গ চিত্রে কর্ন টেনে তাদের নাম লেখ।





● নএখন নীচের সারনীতে থাকা ঠিক উত্তরে গোল দাগ দাও।


| | বর্গক্ষেত্র | আয়তক্ষেত্র |
|---|---|---|
| বাহু সংখ্যা | ২ ৪ ৬ | ২ ৪ ৬ |
| শীর্ষ সংখ্যা | ৩ ৪ ৫ | ৩ ৪ ৫ |
| কর্ণ সংখ্যা | ১ ২ ৪ | ১ ২ ৪ |
| বিপরীত বাহুদের দৈর্ঘ্য | সমান আলাদা | সমান আলাদা |
| প্রত্যেক বাহুর দৈঘ্য | সমান আলাদা | সমান আলাদা |
| কনগুলির দৈর্ঘ্য | সমান আলাদা | সমান আলাদা |


# অভ্যাস

১। নীচের দেওয়া চিত্র গুলিতে

ত্রিভুজ কে রঙ্গ আয়তক্ষেত্রকে রঙ্গ বৃতকে রঙ্গ ও বর্গক্ষেত্রকে রঙ্গ কর।













২। নীচে দেওয়া প্রত্যেক চিত্রতে কটিকরে ত্রিভুজ আছে গণনা করে বল।









৩। নীচে দেওয়া আকৃতি গুলিকে দেখ। কাগজ কেটে বিভিন্ন আকারের ত্রিভুজ অঙ্কন করে আঠা দ্বারা সাজিয়ে ঠিক এভাবে আকৃতি তৈরী কর।



৪। নীচে দেওয়া চিত্রগুলিকে লক্ষ্য কর ও তাদের পার্শ্ব গুলিকে দেখ। ঘুড়ির পার্শ্ব গুলি সোজা, কিন্তু চাকার পার্শ্ব সোজা নয়। চাকার পার্শ্ব হচ্ছে বক্র





ক) তোমার চারি দিকে দেখা জিনিষের মধ্যে কোনগুলির পার্শ্ব কেবল সোজা?

খ) কেবল বক্রপার্শ্ব থাকা তিনটি জিনিষের নাম লেখ।

গ)



— আমার চিত্রতে কোন প্রকারের পার্শ্ব আছে?




ঘ) সোজা পার্শ্ব থাকা জিনিষগুলি নাম বল ও লেখ।

ঙ) কোন জিনিষ গুলিতে উভয় সোজা ও বক্র পার্শ্ব পাব?

৫ ক) একটা আয়তক্ষেত্র আকৃতির কাগজ নাও। এর কটা শীর্ষ আছে? এই কাগজটিকে এমন ভাবে ভাঁজ কর, যেমন তার তিনটি শীর্ষ থাকবে। তুমি কেমন ভাঁজ করলে তোমার বন্ধুদের দেখাও


খ) কাগজ কেটে পাঁচটি সোজা পার্শ্ব থাকা একটা আকৃতি তৈরী কর। এটা তোমায় খাতায় আঠা দিযে লাগাও এর ক'টা শীর্ষ থাকবে?

৬। শূন্য স্থান পূরণ কর।

| চিত্র | ক্ষেত্রের নাম | বাহু সংখ্যা | শীর্ষ সংখ্যা |
|---|---|---|---|
|  | বর্গক্ষেত্র | | |
|  | | | |
|  | | | |
|  | | | |


৭। জ্যামিতি বাক্সতে থাকা সেট্ স্কোয়ার ব্যবহার করে, খাতাতে ত্রিভুজ অঙ্কন কর।

ট্যান গ্যাম থেকে চিত্র





উপরে দেওয়া  চিত্রকে লক্ষ্য কর। এটা একটা পাঁচ টুকরো বিশিষ্ঠ ট্যানগ্রাম। চীন দেশে একে প্রথমে ব্যবহার করে বিভিন্ন চিত্র তৈরী করা হতো। তুমি একটি বর্গচিত্র আকৃতির কাগজ নিয়ে তাকে উপরে দেওয়া চিত্রের মত কেটে পাঁচ টুকরো কর। সেগুলির ১,২,৩,৪,৫ নাম দাও।

- এই পাঞ্চ টুকরোর মধ্যে কোন দুটি টুকরো পুরোপুরি সমান ?
- এই পাঁচ টুকরোর মধ্যে কটা ত্রিভুজ ও কটা বর্গক্ষেত্র আছে?
- এই পাঁচটি টুকরো ব্যবহার করে নিম্নে দেওয়া চিত্র গুলিকে তৈরি কর?




পাঁচ টুকরো বিশিষ্ট ট্যানগ্রামের মত তুমিও সাত টুকরো বিশিষ্ট ট্যানগ্রাম তৈরী করতে পারবে।




তুমি একটি বর্গাকৃতি কাগজ চিত্রে দেখানো মত কেটে তাকে সাত টুকরো করে ১,২,৩,৪,৫,৬,৭ নাম দাও।

- সাত টুকরোর মধ্যে কটা ত্রিভুজ আছে?
- কেবল ত্রিভুজ কে ব্যবহার করে নিম্ন আকৃতি তৈরী করতে চেষ্টা কর।




- কেবল ২,৩ ও ৫ নম্বর টুকরো গুলি ব্যবহার করে একটা আয়তক্ষেত্র তৈরী কর।
- ১,২,৩,৪, ও ৫ নম্বর টুকরো গুলিকে ব্যবহার করে একটা বর্গক্ষেত্র তৈরী কর।

ট্যানগ্রামের সাতটি টুকরোর মধ্যে আবশ্যক টুকরো গুলোকে নিয়ে নিম্নলিখিত আকৃতি গুলি তৈরী করার চেষ্টা কর।



- পূর্ব পৃষ্ঠায় দেওয়া আকৃতি গুলো ব্যতীত ট্যানগ্রামের সাতটি, টুকরোকে জুড়ে অন্য আকৃতি প্রস্তুত কর।

## বিন্দু থেকে চিত্র।




কোরাপুট জেলার জয়পুর শহরে রাধিকার ঘর। সে তৃতীয় শ্রেণীতে পড়ে। সকালে উঠে ঘরের আঙ্গিনায় রঙিন আলপোনা দেওয়া তার প্রিয় কাজ। রাধিকা কেমন করে আলপনা দিচ্ছে লক্ষ্য কর।





তোমার ঘরে বা বন্ধুদের ঘরে এরকম রঙিন আলপোনা দেওয়া দেখে থাকবে।


সেরকম কিছু আলপোনা তোমার খাতায় তৈরী কর।

নীচে বিন্দুদের একটা গ্রীড়ে কতগুলো প্রতিরূপ অঙ্কন করা হয়েছে তুমি সেগুলিকে লক্ষ্য কর। ডানদিকে দেওয়া হয়ে থাকা বিন্দু গ্রীডে ঠিক সেই রকম চিত্র অঙ্কন কর।










# অভ্যাস

১। বিন্দু গ্রীডকে ব্যবহার করে দুই রকম চিত্র করা হয়েছে। তুমি আর তিন প্রকার চিত্র অঙ্কন কর।



২। নীচে দেওয়া বিন্দু গ্রীড়কে ব্যবহার করে সেখান থেকে ত্রিভুজ বর্গক্ষেত্র আয়তক্ষেত্র অঙ্কন কর।




৩। নীচে দেওয়া বিন্দু গ্রীডে পেন্সিল , গ্লাস, গাছ ও মাছের চিত্র অঙ্কন কর।







৪। নীচে দেওয়া বিন্দু গ্রীডের বর্গক্ষেত্র ও আয়তক্ষেত্র গুলিকে সম্পূর্ণ কর।




৫। নীচে বিন্দু গ্রীডে তোমার মনের মত যে কোন দুটি ডিজাইন প্রস্তুত কর।



অধ্যায় - ২

# বস্তুর আকৃতি জানব




বাবার সঙ্গে লিজা ও রোজি সার্কাস দেখতে গেল। টিকিট কেটে খেলা দেখল। সার্কাসের হাতি বল খেলছিলো। বলের আকৃতি গোল। বলের মত গোল বস্তুদের নাম লেখ।



এই রকম বস্তুকে গোলক বলা হয়।

বাবা বলেন ভাল্লুক দু হাতে কি কি ধরেছে দেখ।



চিত্রতে থাকা আকৃতির বস্তুকে বেলন বা সিলিন্ডার বলা হয়। তুমি এরকম আকৃতির যে জিনিষ দেখছ তার তালিকা কর।

রুলার বেলন বা সিলিন্ডার আকৃতির।

হঠাৎ রোজি বলল 'বাবা দেখ কুকুর কেমন বাক্সের ওপর বসে আইসক্রিম খাচ্ছে'।

বাবা বললেন, - 'কুকুর যে বাক্সের উপর বসেছে তা হচ্ছে **আয়তঘন** আকৃতির। বাক্সের মত আয়তঘন আকৃতি বিশিষ্ঠ বস্তু গুলির তালিকা কর।



এর কটা পার্শ্ব আছে দেখ। সেগুলিকে গণনা কর।

আয়তঘনের ছয়টি পার্শ্ব আছে।

বাবা - পায়রা কি করছে দেখ?

রোজি - পায়রা লুডো খেলছে। পায়রা কি আমাদের মত লুডো খেলতে পারবে?

বাবা - হ্যাঁ, পায়রা লুডো খেলতে পারে। ঐ লুডো গুটিকে দেখ।

আয়তঘনের মত এর দৈর্ঘ্য, প্রস্থ আর উচ্চতা আছে। একটা লুডো গুটি নিয়ে এর দৈর্ঘ্য, প্রস্থ, আর উচ্চতা মাপ। কি পেলে বল।


রোজি - এর দৈর্ঘ্য, প্রস্থ, আর উচ্চতা সমান।

বাবা - হ্যাঁ, তুমি ঠিক বলেছ।

যে ঘনবস্তুর পার্শ্ব গুলির দৈর্ঘ্য সমান তাকে সমঘন বলা হয়।

লিজা - হ্যাঁ, তা হলে লুডো গুটি একটা সমঘন।

তুমি কয়েকটি সমঘনাকার বস্তুর নাম লেখ।



বাবা - ওই দেখ। আর একটা জোকার হাতির কাছে গিয়ে হাতির শুড় ওঠাতে বলছে।

রোজি - বাবা, ও কি একটা লম্বা টুপি পরেছে?

বাবা - হ্যাঁ, ওই টুপি টা তলার দিকে গোল হয়ে ওপরে সরু হয়েছে।

লিজা - এর রকম আকৃতি কে কি বলা হয়।



বাবা - এ রকম আকৃতি থাকা বস্তু কে শঙ্কু বা কোন বলা হয়।

কয়েকটি শঙ্কু আকৃতির বস্তুর উদাহরন দাও।



## অভ্যাস

১। নীচে দেওয়া বস্তু গুলির আকৃতির নাম লেখ।

| | | | |
|---|---|---|---|
|  | ______ |  | ______ |
|  | ______ |  | ______ |
|  | ______ |  | ______ |
|  | ______ |  | ______ |

২। গোলাকার আকৃতির পাঁচটি জিনিষের ও আয়তঘনাকৃতি পাঁচটি জিনিষের নাম লেখ।


| | | | |
|---|---|---|---|
| ১। | ______ | ১। | ______ |
| ২। | ______ | ২। | ______ |
| ৩। | ______ | ৩। | ______ |
| ৪। | ______ | ৪। | ______ |
| ৫। | ______ | ৫। | ______ |

৩। নীচে দেওয়া বস্তু, আকৃতি কেমন, তার ডান দিকে থাকা খালি ঘরে লেখ।

| | | | |
|---|---|---|---|
| ব্যাটারী | | তরমুজ | |
| কমলা লেবু, | | ইট | |
| পেন্সিল | | রুললাঠি | |
| মোমবাতি | | গাজর | |
| বই | | ক্রিকেটবল | |

৪। কাগজে বেলন বা সিলিন্ডাব আকৃতি ও শঙ্কু বা কোন আকৃতি তৈরী কর।

৫। দেশলাই কাঠি ও সাইকেলের ভাল্বটিউব ব্যবহার করে চিত্রতে দেখানো আকৃতি গুলিকে তৈরী কর।




এই রকম ভাবে কাঠি ও ভাল্বটিউব / সুতো ব্যবহার করে অনেক রকমের আকৃতি তৈরী করা যেতে পারে। তুমি কতগুলি তৈরী করতে পারবে?


## মেঝে সাজানোর পরিকল্পনা (ডিজাইন)




ওপরে দেওয়া টাইলের আকৃতিকে দেখ। এই টাইল দুটি কেমন ভাবে জোড়া যেতে পারে লক্ষ্য কর, এই রকম টাইল জুড়ে ঘরের মেঝে সাজানোর একটা পরিকল্পনাকে দেখ।



এক রকমের আকৃতির টাইল গুলো নিয়ে এমনভাবে সাজানো হয়েছে যে টাইল গুলির মধ্যে ফাঁক নেই এবং টাইল সাজানোর পরিকল্পনা টি ও খুব সুন্দর হয়েছে। তলায় অন্য এক ছয় পার্শ্ব বিশিষ্ট টাইলকে দেখ এবং এই আকৃতি টাইলে ঘরের মেঝেকে সাজানোর পরিকল্পনাকে দেখ।






তুমি কোন কোন স্থানে মেঝের টাইল সাজানের পরিকল্পনা দেখেছ লেখ।

---

## অভ্যাস

১। এগুলি সমান আকৃতির আয়তকার টাইল




এই আয়তকার টাইলকে ব্যবহার করে এক প্রকার মেঝে সাজানোর পরিকল্পনা দেওয়া হয়েছে।




এই টাইলের আর কোন কোন রকমের ডিজাইন করা যেতে পারে নিজের খাতায় কর।


২। অসম্পূর্ণ থাকা মেজে সাজানোকে সম্পূর্ণ কর।




৩। মেঝের কিছু অংশে টাইল সাজানো হয়েছে, একে সম্পূর্ণ কর।





৪।  এই আকৃতি টাইলে নীচের ডিজাইনের দুটি চিত্র প্রস্তুত হয়েছে। রঙের মাধ্যমে একটা ধাপের মত দেখা যাবার সময় অন্যটি ফুলের মত দেখা যাচ্ছে।





* নীচে একটা ডিজাইনের ২ টি চিত্র দেওয়া হয়েছে। বিভিন্ন রঙ ব্যবহার করে নিজের পছন্দের পরিকল্পনা প্রস্তুত কর।






৫। তুমি নিজে টাইলের একটা আকৃতি প্রস্তুত কর। সেই আকৃতির চিত্রকে এমন ভাবে সাজাও যেমন একটা দেয়ালের ডিজাইন বা পোষাকের ডিজাইন হতে পারে।

## নক্সা প্রস্তুতি

নীচে একটা গ্রামের নক্সা দেওয়া হয়েছে। নক্সা দেখে গ্রামে কি কি আছে বল।

উত্তর

পশ্চিম




পূর্ব

দক্ষিণ

চিত্র দেখে নিম্ন প্রশ্নগুলির উত্তর দাও।

১।ক) গ্রামে কি কি সব আছে তুমি দেখেছ?

খ) মন্দিরের কোন দিকে প্রাথমিক বিদ্যালয় অবস্থিত ?

গ) মন্দির থেকে বেরিয়ে সোজা উত্তর দিকে গেলে কি দেখবে ?

ঘ) মন্দির থেকে উচ্চ বিদ্যালয়কে যেতে হলে, প্রথমে উত্তর দিকে গিয়ে তার পর কোন দিকে যেতে হবে ?

ঙ) মন্দির থেকে মীনা পশ্চিম দিকে ও সোনু দক্ষিণ দিকে বেরল, গ্রাম পঞ্চায়েতে পৌছাঁবার জন্যে কে বেশী রাস্তা হাঁটবে ?

চ) মন্দির থেকে বেরিয়ে ৩০ মিটার দক্ষিনে যাবার পরে ৬০ মিটার পূর্ব দিকে গেলে রাস্তার বাম দিকে কি আছে দেখবে ?

ছ) ডাক্তারখানা থেকে কোন দিকে গেলে গ্রামের হাট পড়বে ?

জ) শ্বেতা উচ্চবিদ্যালয় থেকে বেরিয়ে প্রথমে দক্ষিনে গিয়ে পরে পূর্ব দিকে গেলে কোথায় পৌছাঁবে ?

ঝ) পুকুরে স্নান সেরে নরহরিবাবু প্রথমে কোন দিকে ও পরে কোন দিকে গেলে মন্দিরে ঠাকুর দর্শন করবেন ?


২। তোমার বিদ্যালয়ের শ্রেনীকক্ষে, অফিস, রান্নাঘর পতাকাপীঠ, নলকূপ ও বাগানকে দেখিয়ে একটা নক্সা অঙ্গন কর।

অধ্যায়- ৩

# চল আমরা গননা করব



বান্দরগুলি নারকেল বস্তাগুলিকে গাড়ি থেকে নিয়ে গোদাম ঘরে সাজিয়ে রাখছিল। মালিক ভালুক তদারক করছিল। বুড়ো বান্দরটি কেঁপে কেঁপে নারকেল বস্তাটি নেবার সময় তার মাথা থেকে পোড়ে ফেটে গেল। বস্তার সব নারকেল ছড়িয়ে পড়ে গেল।ভালুক বুড়ো বান্দর কে বিশ্রাম নিতে বলল। তার পর অন্য বান্দরদের বলল প্রত্যেক বস্তায় ১০০ টি করে নারকেল আছে। তোমরা একটা করে নারকেলের বস্তা মাথায় নাও ও হাতে যত পারছ (১টি, ২টি বা ৩টি করে) বেশি নারকেল নিয়ে গোদামে সাজিয়ে রাখ। নিজে নিজের নারকেলের সংখ্যা হিসাব কর। সেই অনুযায়ী পয়সা পাবে। বান্দর গুলি দেরী না করে নারকোল বইল ও নিজে নিজের নারকেলের সংখ্যা হিসাব করল।






১০৫
একশত পাঁচ





১১০
একশত দশ


## অভ্যাস

১. যেমন


 = ২০০

 = ৩০০

ক) সে রকম নীচে (প্রত্যেক লাইনে) মোট কতগুলি মিষ্টি আছে তুমি বল এবং লেখ।

 =

 =

 =

 =

খ) প্রত্যেক লাইনে কটা ফল আছে গুনে লেখ।



=



=




=



=

গ) পেরেক কটা আছে লেখ -



=

২ (ক) এসো আমরা খালি ঘরে সংখ্যা পূরণ করব।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১০১ | ১০২ | ১০৩ | ১০৪ | ১০৫ | ১০৬ | ১০৭ | ১০৮ | ১০৯ | ১১০ |
| ১১১ | | ১১৩ | | | | | | | |
| ১২১ | | | ১২৪ | | | | | | |
| | | | | ১৩৫ | | | | | |
| ১৪১ | | | | | ১৪৬ | | | | |
| | | | | | | ১৫৭ | | | |
| | | | | | | | ১৬৮ | | |
| ১৭১ | | | | | | | | ১৭৯ | |
| | | | | | | | | | ১৯০ |
| ১৯১ | | | | | | | | | ২০০ |

খ) নীচে কেমন ভাবে সংখ্যা লাইনটি হয়েছে লক্ষ্য কর। এবং ক্রমান্বয়ে সংখ্যা গুলিকে লেখ।

৩১০ ৩১১ ৩১২ ৩১৩ ৩১৪ ৩১৫ ৩১৬ ৩১৭ ৩১৮ ৩১৯ ৩২০

৪২০ ___ ___ ___ ___ ___ ___ ___ ___ ___ ___

৬৪০ ___ ___ ___ ___ ___ ___ ___ ___ ___ ___

৯৭০ ___ ___ ___ ___ ___ ___ ___ ___ ___ ___

৬৯০ ___ ___ ___ ___ ___ ___ ___ ___ ___ ___

৩ (ক) নীচে দেওয়া খালিঘরে সংখ্যা পূরণ কর।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪০১ | ৪০২ | | | | | | | | |
| ৪১১ | | | | | | | | | |
| ৪২১ | | | | | | | | | |
| ৪৩১ | | | | | | | | | |
| ৪৪১ | | | | | | | | | |
| ৪৫১ | | | | | | | | | |
| ৪৬১ | | | | | | | | | |
| ৪৭১ | | | | | | | | | |
| ৪৮১ | | | | | | | | | |
| ৪৯১ | | | | | | | | | ৫০০ |

খ) ৩ নম্বর 'ক' তে লেখা সংখ্যা গুলিকে লক্ষ্য কর এবং শূন্যস্থান পূরণ কর।

৪০২, ৪০৪, ৪০৬, ________, ________, ________।

৪২১, ৪২৪, ৪২৭, ________, ________, ________।

৪১০, ৪১৫, ৪২০, ________, ________, ________।

৪১০, ৪২০, ৪৩০, ________, ________, ________।

৪২৩, ৪৩৩, ৪৪৩, ________, ________, ________।

৪ (ক) এসো ১০ অধিক করে লিখব।

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | ১১০ | ৩১০ | ___ | ১১৮ |
| ২০ | ১২০ | ___ | ৫২০ | ___ |
| ৩০ | ___ | ___ | ___ | ___ |
| ___ | ___ | ___ | ___ | ___ |
| ___ | ___ | ___ | ___ | ___ |
| ___ | ___ | ___ | ___ | ___ |
| ___ | ___ | ___ | ___ | ___ |
| ___ | ___ | ___ | ___ | ___ |
| ___ | ___ | ___ | ___ | ___ |
| ১০০ | ২০০ | ৪০০ | ৬০০ | ২০৮ |

খ) এসো সেই রকম ভাবে ৫০ অধিক করে গননা করব ও লিখব।

২০০, ২৫০, ________, ________, ________, ________।

৩০০, ________, ________, ________, ________, ________।

৬৫০, ________, ________, ________, ________, ________।

গ) নীচে দেওয়া সংখ্যার থেকে ১০০ বেশি করে পাঁচটি করে সংখ্যা লেখ।

১০০, _______, _______, _______, _______, _______।

৩২০, _______, _______, _______, _______, _______।

৩৫০, _______, _______, _______, _______, _______।

২২৫, _______, _______, _______, _______, _______।

৩২৮, _______, _______, _______, _______, _______।

৫। অঙ্কে লেখা সংখ্যায় সঙ্গে অক্ষরে লেখা সংখ্যা তীর চিহ্ন দিয়ে চেনাও।

| | |
|---|---|
| ১০২ | ছয় শত কুড়ি |
| ১২৩ | এক শত দুই |
| ১৩২ | এক শত বত্রিশ |
| ৩২১ | তিন শত ঊননব্বই |
| ৬২০ | এক শত তেইশ |
| ৩৮৯ | চার শত আটা নব্বই |
| ৪৯৮ | তিন শত একুশ |

৬। সংখ্যাগুলি অক্ষরে লিখ।

(ক) ৩২৫ ..................................................

(খ) ৪০৭ ..................................................

(গ) ৬৬৯ ..................................................

(ঘ) ৪৬০ ..................................................

(ঙ) ৮৮৮ ..................................................

৭। কোন ডিমের থেকে কোন মুরগী ছানা বেরিয়েছে দাগ টেনে জুড়ে দেখাও।




৮। ক) এই টেবিল থেকে তিনটি অঙ্ক ব্যবহার করে, তিন অঙ্কের সংখ্যায় তৈরী কর। দেখ, কে সবথেকে বেশী সংখ্যায় তৈরী করতে পারছে। যেমন ১৮৫, ২৮৭

| | | |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৮ | ০ | ৪ |
| ৭ | ৬ | ৫ |

খ) এই টেবিলের অঙ্ক গুলিকে ব্যবহার করে ৩০০ র থেকে ৫০০ ভিতরে সংখ্যা গড়। এরকম কটা সংখ্যা হল বল। তাদের মধ্যে সব থেকে ছোট সবথেকে বড় সংখ্যাটি লেখ।

______ ______


গ) এই টেবিলের লেগে থাকা তিনটি ঘরে অঙ্ককে নিয়ে তিনি অঙ্কের বিভিন্ন সংখ্যা গড়। দেখ কে বেশি তৈরী করছে। যেমন - ১৮৭, ১০৫ ........

৯। তিন অঙ্ক বিশিষ্ঠ সংখ্যা গঠন কর , যে সংখ্যার অঙ্গদের সমষ্টি ৫ হবে। তুমি এরকম ক'টা সংখ্যা তৈরী করতে পারবে? যেরকম ৩১১ (এর অঙ্কগুলরি সমষ্টি ৩ + ১+১=৫) তুমি তৈরী করে থাকা সংখ্যা গুলি অক্ষরে তোমার খাতায় লেখ।

অধ্যায় - ৪

# এসো আমরা খেলব






এসো এই দাগের উপরে লাইন করে দাঁড়াব।

একজনের পরে এক জন একবারে ৯টি করে কাচের গুলি গোলাকারের মধ্যে ফেলবে।

ভিতরে গোলাকারে পড়ে থাকা প্রত্যেক কাচের গুরিল মূল্য হল ১০০।

তাকে লেগে থাকা ২য় গোলাকারে পড়ে থাকা প্রত্যেক কাচের গুলির মূল্য হল ১০।

বাইরে থাকা ৩য় গোলাকারে থাকা প্রত্যেক কাচের গুলির মূল্য হল ১।

প্রথমে রিমা ৯ টি গুলি ফেলল ।

চিত্র দেখে বল, কোন গোলাকারে কটি করে গুলি আছে

| | | |
|---|---|---|
| প্রথম গোল | | ৩টি গুলি = ৩ শত = ৩০০ |
| দ্বিতীয় গোল | | ১টি গুলি = ১ দশ = ১০ |
| তৃতীয় গোল | | ৪টি গুলি = ৪ এক = ৪ |

৩ শত + ১ দশ + ৪ এক = ৩০০ + ১০ + ৪ = ৩১৪

তোমরা সেরকম খেল এবং প্রত্যেক ছাত্র গুলি ফেলার পরে কত সংখ্যা পেল, নীচের সারণীতে লেখ।

| নাম | প্রথম গোল | দ্বিতীয় গোল | তৃতীয় গোল | সংখ্যা |
|---|---|---|---|---|
| রিমা | ৩ | ১ | ৪ | ৩১৪ |
| | | | | |

● কাঠ বিড়াল ও ইদুঁর আপেল গুলিকে গুনতি করছিলো। কেমন ভাবে গণনা করছিল লক্ষ্য




নেংটি ইদুঁর একটা আপেলর জন্য ১ চিত্র কার্ড রাখল।

সেরকম ২টা আপেলের জন্য ১ ১ চিত্র কার্ড ব্যবহার হবে।




১০ টি আপেল হলে, প্রত্যেক ১০ টি আপেলের জন্য ১০ চিত্র কার্ড রাখলো।

১০ টি আপেল - ১০

২০ টি আপেল - ১০ ১০


৬০ টি আপেল ও ৯০ টি আপেল কে চিত্রকার্ডে কি ভাবে প্রকাশ করা যাবে দেখাও।


১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ = ১০০


নেংটি ইদুঁর ১০০ টি আপেলর জন্য ১০ চিত্র কার্ড ব্যবহার করছিল।

এখন বল কাঠবেড়াল রেখা থাকা আপেল কে নেংটি ইদুর কেমন ভাবে চিত্র কার্ড দ্বারা লিখবে।

● প্রত্যেক ঝুড়িতে থাকা আমকে সংখ্যা কার্ড দ্বারা জানাতে সেই কার্ডকে ঝুড়িতে ঝুলিয়ে দেওয়া হয়েছে। কোন ঝুড়িতে ক'টা আম আছে লেখ।



# অভ্যাস

১। নীচের ঘর গুলিকে পূরণ কর।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৯০২ = | | শ + | | দশ + | | এক |
| ৫৭২ = | | শ + | | দশ + | | এক |
| ৬১০ = | | শ + | | দশ + | | এক |
| ৮৯ = | | শ + | | দশ + | | এক |
| ৮৮৮ = | | শ + | | দশ + | | এক |
| ৩২৭ = | | শ + | | দশ + | | এক |

২। লক্ষ্য কর।

৬২৫ = ৬ শ + ২ দশ + ৫ এক

= ৬০০ + ২০ + ৫

এসো, নীচে দেওয়া খালি ঘরগুলো পূরণ করব।

৩৭৬ = ৩০০ + ৭০ + ৬

৪২৭ = ___ + ২০ + ___


৬০৩ = ৬০০ + ___ + ___


৫২০ = ___ + ২০ + ___

৩৭৭ = ৩০০ + ৭ + 


৩০০ = ___ + ___ + ___

৩। খালি স্থানে সংখ্যা লেখ। যেমন।





৪। নীচে সংখ্যা লেখা হয়েছে। কোন ঘরে কটা গুলি থাকবে চিত্র করে দেখাও। যেমন-




৫। উত্তর লেখ।

৩১৪ এ ১ এর স্থানীয় মান = ১০

২৩৫ এ ৫ এর স্থানীয় মান = ☐

৭৪৪ এ ৭ এর স্থানীয় মান = ☐

২১০ এ ২ এর স্থানীয় মান = ☐

৭০৪ এ ০ এর স্থানীয় মান = ☐

৮৪৮ এ ৪ এর স্থানীয় মান = ☐

অধ্যায় - ৫

# আগে পরে জানব



এক দিন জঙ্গলে পশুপক্ষীরা সভা করল। ওদের মধ্যে চিন্তা হল মানুষরা দিনে দিনে জঙ্গল কেটে ফাঁকা করে দিচ্ছে। জঙ্গল ফাঁকা হয়ে গেলে আমরা থাকব কোথায় , খাব কি? খেক্‌শেয়াল উঠে বলল, ''আমরা গাছ লাগাবো ও জঙ্গল রক্ষা করব" সবাই ঠিক করলো নারসারী থেকে চারা আনবে। বগুলি দিদি নারসারীতে চারাগাছ বিতরণ করছিল। সবাই আগের চারা গাছ নেবার জন্য জিদ করছিলো। এতো পশু পক্ষীদের চারাগাছ কিভাবে বিতরণ করবে? বগুলি দিদি প্রত্যেককে একটা করে সংখ্যা কার্ড দিলো। সেই সংখ্যা কার্ড অনুযায়ী তাদের লাইন করে আসতে বলল।




ক) সবার আগে যে আছে তার সংখ্যা কত?
খ) তার পর কোন সংখ্যা আছে?
গ) ১১০ এর পরের সংখ্যা কত?
ঘ) ১১৪র পূর্বের সংখ্যা কত?
ঙ) ১১০ ও ১১৪ র মাঝখানে কোন কোন সংখ্যা আছে?

**শিক্ষকদের জন্য সুচনা**
শিক্ষক তিন অঙ্ক বিশিষ্ট সংখ্যার জন্য সংখ্যা কার্ড প্রস্তুত করবেন।
সেগুলিকে ব্যবহারকরে পূর্ববর্তী, মধ্যবর্তী ও পরবর্তী সংখ্যা সম্বন্ধে ধারনা দেবেন।

# অভ্যাস

১। মাঝখানের ঘরে থাকা সংখ্যা গুলির ঠিক পূর্ববর্ত্তী সংখ্যায় ও ঠিক পরবর্ত্তী সংখ্যা লেখ।

| ঠিক পূর্ববর্ত্তী সংখ্যা | সংখ্যা | ঠিক পরবর্ত্তী সংখ্যা |
|---|---|---|
| ১১০ | ১১১ | ১১২ |
| ১০০ | ১০১ | |
| | ২৩৯ | |
| | ৩৩০ | |
| | ৪০০ | |
| | ৫৯৯ | |
| | ৬৬৯ | |

২। খালি থাকা স্থান পূরণ কর।

ক) ১০১, ১০২, ———, ———, ———।

খ) ২০৯, ———, ২১১, ———, ———।

গ) ———, ৩৪০ ———, ———, ৩৪৩

ঘ) ———, ———, ———, ———, ৫০৫

৩। নীচে লিখিত সংখ্যা দুটির মধ্যবর্ত্তী সংখ্যা গুলিকে লেখ।

ক) ৬০৮, ———, ———, ———, ৬১২।

খ) ৮৮৮, ———, ———, ———, ৮৯২।


গ) ২৯৭, ———, ———, ———, ৩০১।

ঘ) ১০১, ———, ———, ———, ১০৫।

৪) নিম্ন লিখিত সংখ্যাগুলিকে উর্দ্ধক্রমে (ছোট থেকে বড়) ও অধঃক্রমে (বড় থেকে ছোট) সাজাও।

| উর্দ্ধক্রমে | অধঃক্রমে |
|---|---|
| ক) ৩০৫,৩০১,৩০৩,৩০২,৩০৪ | ক) ৪৬৮, ৪৬৫,৪৬৪, ৪৬৭, ৪৬৬ |
| খ) ৬৯৯, ৭০১, ৭০৩, ৭০২, ৭০০ | খ) ৫৯১, ৫৯৩, ৫৯৫, ৫৯২, ৫৯৪ |
| গ) ২৯৪, ২৯২, ২৯৩, ২৯১, ২৯৫ | গ) ৭০৭, ৭০৯, ৭১০, ৭০৮, ৭১১ |

৫। রাজু, রিতা , মিতা ও জোশেফ তাস নিয়ে সাজানোর কাজ করছিলো। তিনটি পরপর সংখ্যাকে নিয়ে একটা করে সেট তৈরী করছিলো। প্রত্যেকের কাছে ৬ খানা করে তাস ছিলো। ৬ খানা তাসকে নিয়ে দুটি করে সেট করবে। প্রত্যেক বাচ্ছার দুটো সেটের মধ্যবর্ত্তী সংখ্যাটি অন্য জনের কাছে রয়ে গেছে। চিত্র দেখে কে কোন তাস পাবে ও কোন তাস কাকে দেবে লেখ।








এখন নিম্ন সারনীর খালি ঘর পুরণ কর।

| বাচ্চাদের নাম | কোন কোন সংখ্যা পেয়েছে | কাকে কোন সংখ্যা দেবে | কার কাছে থেকে কোন সংখ্যা আনবে। |
|---|---|---|---|
| জোশেফ | ২০৬,২৭৩,২০৮, ২৮৫,২৫১,২৫৩ | | |
| রিতা | | | |
| মিতা | | | |
| রাজু | | | |

অধ্যায় - ৬

# জোড় ও বিজোড় সংখ্যা চিনব

নীচে প্রত্যেক লাইনে দেওয়া চিত্র গুলিকে গুনে চিত্র সংখ্যাকে ডান প্যাশে খালি ঘরে লেখ।


| | |
|---|---|
|  | ৪ |
|  | ৫ |
|  | |
|  | |
|  | |
|  | |
|  | |
|  | |

উপরে দেখিয়ে দেওয়ার মত প্রত্যেক লাইনে, দুটি দুটি চিত্রতে একটা গোল কর। গোল করার পরে যদি কোন চিত্র বেড়ে না থাকে, তবে সেই চিত্রদের ডান দিকে লেখা সংখ্যাটিতে গোল কর। এই কাজ করার পরে, কোন কোন সংখ্যা গোল করা হয়েছে, কোন সংখ্যাতে গোল করা হয়নি তলায় সারনী তে লেখ।

| গোল করা হয়ে থাকা সংখ্যা | গোল করা না হয়ে থাকা সংখ্যা। |
|---|---|
| | |

যে সংখ্যা গুলিতে গোল করা হয়েছে। সে গুলোকে জোড় বা যুগ্ম সংখ্যা বলা হয়। যে সংখ্যা গুলোতে গোল করা হয়নি, সেগুলি বিজোড় বা অযুগ্ম সংখ্যা বলা হয়।

● নীচে প্রত্যেক লাইনে লেখা সংখ্যা অনুযায়ী প্রত্যেক লাইনে বল চিত্র অঙ্কন কর। দু, দুটি বলকে ঘরের মধ্যে রাখ, সংখ্যাটি যুগ্ম কি অযুগ্ম লেখ।

| | | |
|---|---|---|
| ১০ |  | যুগ্ম |
| ১৩ |  | অযুগ্ম |
| ১৪ | | |
| ১৫ | | |
| ১২ | | |
| ১৬ | | |
| ১৭ | | |
| ৯ | | |
| ১৮ | | |

সারনীর বামপার্শ্বে দেওয়া সংখ্যা গুলির মধ্যে কোন গুলো যুগ্ম বলে জানা গেল ?

কোন কোন সংখ্যা অযুগ্ম বলে জানা গেল ?

এখন বল যুগ্ম ও অযুগ্ম সংখ্যা কাকে বলে ?

● যুগ্ম সংখ্যা থাকা ঘর গুলোকে রং দাও

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |
| ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ |

- **নীচের প্রশ্ন গুলির উত্তর লেখ -**

ক) দুটি পাশাপাশি যুগ্ম সংখ্যার মধ্যে পার্থক্য কত ?

খ) দুটি পাশাপাশি অযুগ্ম সংখ্যার মধ্যে পার্থক্য কত ?

গ) যুগ্ম সংখ্যার একক ঘরে কোন কোন অঙ্ক আছে লক্ষ্য করছ।

ঘ) অযুগ্ম সংখ্যার একক ঘরে কোন কোন অঙ্ক আছে লক্ষ্য করছ?



কোন সংখ্যার একক ঘরের অংক দেখলে তা যুগ্ম কি অযুগ্ম সংখ্যা জানা যায়। যে সংখ্যার একক ঘরে ০,২,৪,৬ বা ৮, থাকে সেগুলো যুগ্ম সংখ্যা।

- **পরীক্ষা করে দেখঃ -**

ক) যে কোন দুটি যুগ্ম সংখ্যার যোগ ফল যুগ্ম কি অযুগ্ম সংখ্যা হবে ?

খ) দুটি অযুগ্ম সংখ্যা নিয়ে তাদের যোগ ফল কোন প্রকার সংখ্যা হচ্ছে লেখ ?

গ) একটা যুগ্ম সংখ্যায় একটা অযুগ্ম সংখ্যা যোগ করলে যোগফল যুগ্ম কি অযুগ্ম সংখ্যা হবে ?

- **নীচের প্রশ্ন গুলির উত্তর লেখ -**

ক) ৫০ থেকে বেশী ও ৭০ থেকে কম ৫টি যুগ্ম সংখ্যা লেখ।


খ) দুটি তিন অঙ্ক বিশিষ্ট অযুগ্ম সংখ্যা লেখ।প্রত্যেক সংখ্যা দশক ঘরের অংক ৫ হবে থাকবে।

গ) চারটি তিন অংক বিশিষ্ট যুগ্ম সংখ্যা লেখ, যাতে প্রত্যেক সংখ্যার অংকের সমষ্টি ৭ হবে।



# অভ্যাস

১। চিত্র গুনে খালিঘরে লেখ ও তা যুগ্ম কি অযুগ্ম লেখ।



| | |
|---|---|
| ৪ | যুগ্ম |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |


২। যুগ্ম সংখ্যা গুলিতে গোল কর।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬ | ১৪ | ৩০ | ১৬৭ | ৪০৪ | ২২৮ |
| ৩ | ৫৪ | ৫৯ | ২০৮ | ৫৭৬ | ৪১১ |
| ৫৬ | ৩৪ | ১০৪ | ৭১ | ৩১৫ | ৪৩৮ |
| ১০৮ | ৫২৪ | ৩৫৫ | ৭৫০ | ৫২ | ৯৯৯ |

৩। অযুগ্ম সংখ্যা গুলিতে গোল কর।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭ | ৪৭ | ৭৬ | ২৪২ | ৮৩ | ৪০৭ |
| ৮ | ৭৮ | ৮৫ | ১৩৮ | ১৪৫ | ৩৫১ |
| ৪৩ | ৫৪ | ৭৯ | ১০৫ | ২১৫ | ৬১৯ |
| ৮১ | ২৬৩ | ৬২৫ | ৯৭০ | ৬৪৭ | ২৩৪ |

৪. যুগ্মর সঙ্গে যুগ্ম, অযুগ্মর সঙ্গে অযুগ্ম সংখ্যা ক্রমান্বয়ে জুড়ে চিত্র কর।



৫। ক) ২৫ থেকে সর্ব নিম্ন ———————বিয়োগ করলে যুগ্ম সংখ্যা হবে।

খ) ৯ এর সঙ্গে সর্বনিম্ন ——————যোগ করলে অযুগ্ম সংখ্যা হবে।

৬.

| | | |
|---|---|---|
| ৮ | ২ | ৩ |
| ৫ | ০ | ৪ |
| ৬ | ৭ | ৯ |

এই সারনী থেকে অংক নিয়ে সংখ্যা তৈরী করে তলায় লেখ। সংখ্যা গুলি দু অংক বিশিষ্ঠ বা তিন অংক বিশিষ্ঠ হতে পারে। যুগ্ম সংখ্যা গুলিতে গোল কর । দেখ কে কত অধিক যুগ্ম সংখ্যা পেতে পারছে।

________ ________ ________ ________ ________

________ ________ ________ ________ ________


৭. △এর মধ্যে অযুগ্ম সংখ্যা ও □ এর মধ্যে যুগ্ম সংখ্যা লেখা যাবে।

△ + □ + △ = ১৮

△ ও □ এর মধ্যে তুমি কোন কোন সংখ্যা লিখে যোগ ফল ১৮ পাবে।

অধ্যায় - ৭

# স্থান জানবো




ওপরে দেওয়া চিত্রকে লক্ষ্য কর। লাইনে দাঁড়িয়ে থাকা লোকেরা কি করছেন। লাইনে ব্যাগ ধরে দাড়িয়ে থাকা মহিলাটির স্থান প্রথম।

সেভাবে এরা কোন কোন স্থানে অবস্থান করছেন চিত্র দেখে লেখ।

— একজন নেড়া লোক

— পাঞ্জাবী (মাথায় পাগড়ী থাকা) লোক

— রুদ্রাক্ষ মালা পরে থাকা লোক

— লম্বা দাড়ি থাকা ও হাতে ব্যাগ ধরে থাকা লোক

— মাথায় ফুল থাকা একজন আদিবাসী স্ত্রীলোক

— আদিবাসী মহিলার পেছনে থাকা লোক

— টুপি পরে থাকা লোক

— চশমা পরে থাকা লোক

— লাঠি ধরে হাঁটতে থাকা বুড়ি মহিলা

— মহিলারা লাইনের কোন কোন স্থানে আছেন

- ইংরাজী বারোমাসের নাম

  জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই, আগষ্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর।

ইংরাজী বৎসরের চতুর্থ মাস হচ্ছে এপ্রিল, সেরকম আগষ্ট মাস হচ্ছে অষ্টম মাস

- সপ্তাহের সাত দিনের নাম।

রবিবার, সোমবার, মঙ্গলবার, বুধবার, বৃহস্পতিবার, শুক্রবার, শনিবার

সপ্তাহের প্রথমদিন রবিবার বলে বলব, সেরকম শুক্রবার হচ্ছে সপ্তাহের ষষ্ঠ দিন।

প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ইত্যাদিকে পূরণ বাচক সংখ্যা বলা হয়।

প্রত্যেক পূরণবাচক সংখ্যা একটা একটা স্থান বা নির্দিষ্ট স্থানের বস্তুকে বোঝায়।




## অভ্যাস

১। লেখ সপ্তাহের দ্বিতীয় দিনের নাম ______

বৃহস্পতিবার সপ্তাহের কোন দিন ______

রবিবার সপ্তাহের কোন দিন? ______

বৎসরের চতুর্থ মাসের নাম? ______

জুন বৎসরের কোন মাস? ______

২.

সেপ্টেম্বর ২০১৪

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| সোম | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| মঙ্গল | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| বুধ | ৩ | ১০ | ১৭ | ২৪ | |
| বৃহস্পতি | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| শুক্রবার | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| শনি | ৬ | ১৩ | ২০ | ২৭ | |

**উপরে ক্যালেণ্ডার দেখে বল ও লেখ**


ক) এই মাসে কটা রবিবার পড়েছে?

খ) মাসের তৃতীয় রবিবার কত তারিখ?

গ) মাসের প্রথম রবিবার কত তারিখ?

ঘ) মাসের চতুর্থ সোমবার কত তারিখ?

## ৩। এসো মিলে মিশে গাইবো।



ঘড় ঘড় শব্দ করে রেলগাড়ি আসবে।
দাড়িয়ে থাক সবাই তাড়াতাড়ি বসবে।
তাড়াতাড়ি করে ভাই ঢুকে যাব ভেতরে।
চুনু, সুনু, টুনু, মিটু, বসে যাবে সিটে।

নেউল কাঠবেড়াল খপ খপ উঠবে।
বাঘ, ভাল্লুক, হাতী, গাধা নিজের কথা বুঝবে।
এসে গেল রেলগাড়ি লম্বা সিটি বাজিয়ে
নিয়ে গেল সবাইকে নিজের গায়ে সাজিয়ে

চিত্র দেখে বল ঃ

১। কাক রেলগাড়ির কোন বগিতে বসেছে?

২। নেউল বা বেজি কোন বগিতে বসেছে?

৩। দ্বাদশ বগিতে কে বসেছে?

৪। বাঘ কোন বগিতে বসেছে?

৫। পঞ্চদশ বগির পরে কোন বগি পড়বে?

৬। ভাল্লুক যে ডাব্বায় আছে, তার পূর্ব ডাব্বা কোনটি?

৭। বাঘ ও বক বসে থাকা বগির মধ্যে কোন কোন বগি আছে?

**শিক্ষকের জন্য সূচনা ঃ** একাদশ থেকে বিংশ পর্য্যন্ত পূরণ বাচক সংখ্যা সম্পর্কে ধারনা দেবার জন্য শিক্ষক এভাবে, অনেক প্রশ্ন তৈরী করে বাচ্চাদের জিজ্ঞাসা করবেন।

৪। ছবিতে সার্কাস খেলা দেখ।



বাঘ প্রথম স্থানে আছে।

অন্য পশু পাখী রা কে কোন স্থানে আছে বল ?

৫। একটা ঘরের দেওয়ালে ষোলটি তাক আছে। কোন তাকে কোন জিনিষ আছে, তা তলায় লেখা হয়েছে। তুমি দেওয়ালের উপযুক্ত তাকের জিনিষ গুলোর চিত্র করে খাতায় সেগুলি কে দেখাও।

দ্বাদশ তাকে বল, প্রথম তাকে পেনসিল,

চতুর্দশ তাকে কাপ, ষষ্ঠ তাকে বোতল,

একাদশ তাকে বেলুন, দ্বিতীয় তাকে বালতি।

ষোড়শ তাকে ডিম, তৃতীয় তাকে বই,

ত্রয়োদশ তাকে গুড়ি, চতুর্থ তাকে ফুল,

পঞ্চদশ তাকে গ্লাস, পঞ্চম তাকে নাটু,


সপ্তম তাকে ছুরি, অষ্টম তাকে কলসী,

নবম তাকে রবার, দশম তাকে পেয়ারা।


অধ্যায় - ৮

# কে বেশী কে কম ?

নীচের দেওয়া উদাহরণ লক্ষ্য কর।প্রত্যেক লাইনে কটা কাঠি বা ফল আছে গুনে বল।




৩১২




১৩৪




২০৫




১২৬


নীচের থাকা চিত্রকে লক্ষ্য কর।





উভয় থালায় সামান্য সংখ্যক আম আছে।


বাম দিকের থালায় ৫টি আম ও ডান দিকের থালায় ৪ টি ফল। এখানে কোনটি বেশী?



৬ বড়, ৪ ছোট

অর্থাৎ ৬ > ৪

এখানে ডান দিকের থালায় ৮ টি আম ও বাম দিকের থালায় ৩ টি আম আছে। এখানে ৩ ছোট, ৮ বড়



অর্থাৎ ৮ > ৩

বা ৩ < ৮

৩১২এর শতক স্থানের অংক ১৩৪ এর শতক স্থানের অংকর থেকে বড়।

৩ ১ ২
↕
১ ৩ ৪

অর্থাৎ ৩১২ > ১৩৪

বা ১৩৪ < ৩১২

২০৫ এর শতক স্থানে অংক ১২৬ এর দশক স্থানে অংকের থেকে বড়। অতএব ২০৫ বড়।

অর্থাৎ ২০৫ > ১২৬

বা ১২৬ < ২০৫

২ ০ ৫
↕
১ ২ ৬

দুটি তিন অংক বিশিষ্ট সংখ্যার মধ্যে যে সংখ্যার শতক স্থানের অংক টি বড়, সে সংখ্যাটি বড়।

# অভ্যাস

১। প্রত্যেক লাইনে থাকা সংখ্যা দুটির মধ্যে বড় সংখ্যাটির চারপাশে গোল কর।

| | |
|---|---|
| (৯৫৪) ——— | ৮৬৯ |
| ৩৫২ | ৪৮৬ |
| ৬০৩ | ৫৮৭ |
| ৭৮০ | ৯০৬ |
| ৮০০ | ৬০০ |
| ৪৬৫ | ২১৮ |
| ১৩৮ | ৩৫৪ |
| ৩৮০ | ৬৪০ |

২। নীচে দুটো সংখ্যার মধ্যে > বা < চিহ্ন দাও।



| | | |
|---|---|---|
| যেমন ২৭৪ | > | ১০১ |
| ৫৩৬ | | ৮২৯ |
| ২৩৪ | | ৩৩৫ |
| ৯০০ | | ৭৬০ |
| ৭৯৯ | | ৮০১ |
| ৪৯৭ | | ৫০০ |




লক্ষ্য কর

- ৫৪১ ও ৫৩৪ এর মধ্যে শতক স্থানে অংকদ্বয় সমান।

  ৫৪১ ও ৫৩৪ এর মধ্যে ৫৪১ এর দশক স্থানে বড় অংক আছে।

  অতএব ৫৪১ বড়, ৫৩৪ ছোট

  অতএব ৫৪১ > ৫৩৪





- ২৩৬ ও ২১৮ মধ্যে তুলনা করব

  ২ ৩ ৬

  ২ ১ ৮

  ২ = ২ ৩ = ১

  অতএব ২৩৬ > ২১৮



- ২১৫ ও ২১৩ এর শতক ঘরে সমান অংক আছে।

২১৫ ও ২১৩ এর দশক ঘরে সমান অংক আছে।

২১৫ ও ২১৩ মধ্যে ২১৫ এর একক স্থানে বড় অংক আছে।

অতএব ২১৫, ২১৩ থেকে বড় | ১০০ | ১০০ | ১০ | ০০০০০

বা ২১৩, ২১৫ থেকে ছোট | ১০০ | ১০০ | ১০ | ০০০

২১৫ > ২১৩

২১৩ < ২১৫

২১৫ ↕ ২১৩


## অভ্যাস

১. প্রত্যেক লাইনে ছোট সংখ্যার চারদিকে গোল কর।


| | |
|---|---|
| ৭৬১ | (৭৩৬) |
| ৮৭০ | ৮৫৮ |
| ১০৫ | ১৩৩ |
| ৬২২ | ৬১৬ |
| ৫৮৫ | ৫১৬ |
| ৩৬৭ | ৩৯২ |
| ৯৪৫ | ৯৫৪ |

২। প্রত্যেক জোড়ায় যার দাম বেশী তাকে রং দাও।

ক)




৮৫০ টাকা




৮৫৬ টাকা

খ)




৯৮০ টাকা




৯৮৫ টাকা

গ)



৭৯৮ টাকা


৭৯৫ টাকা

ঘ)



৬৬০ টাকা



৬৬৪ টাকা

৩। গোল এর ভেতর >, < বা = চিহ্ন দাও।

৫৫৫ ◯ ৫৫০
৩৭৮ ◯ ৩৭৫
৪২৮ ◯ ৪২৯
৬৫৪ ◯ ৬৫৯
৩৩৮ ◯ ৩৩৮
৬৫৯ ◯ ৬৫৯
৮৭৫ ◯ ৮৭৪

৪। প্রত্যেক লাইনে থাকা সংখ্যা গুলির মধ্যে যেটি সব থেকে বড় তার চারিদিকে ◯ ঘুরাও ও যেটি সব থেকে ছোট তার চারদিকে △ চিত্র কর।

| | | | | |
|---|---|---|---|---|
| (৪৩২) | ৩২৪ | △২৩৪ | ৪২৩ | ৩৪২ |
| ৬২৮ | ৬৮২ | ৮৫৭ | ৭৮৫ | ৪৯৮ |
| ৫৮৭ | ৭৮৭ | ৭৭৮ | ৫৭৮ | ৮৮৫ |
| ৩৭৫ | ৪৬১ | ৫৭৫ | ৮৯৮ | ৬০৮ |
| ৯০০ | ৮৯৯ | ৯৮৯ | ৮০৯ | ৯৯০ |
| ১২৮ | ২১৮ | ১৮২ | ১২২ | ২২১ |


৫। নীচে দেওয়া সারনী থেকে অংক নিয়ে যতগুলি পারছ তিন অঙ্ক বিশিষ্ট সংখ্যা তৈরী কর। বড় সংখ্যা ও ছোট সংখ্যা চেনাও।

| | | |
|---|---|---|
| ২ | ২ | ৩ |
| ৪ | ০ | ৫ |
| ৬ | ৭ | ৮ |

৬। খালি ঘরের মধ্যে >, < বা = চিহ্ন বসাও।

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫৬ | < | ২৬৫ | > | ২৫২ |
| ৭৩২ | | ৭২৩ | | ৭২৭ |
| ৫৮৪ | | ৪৮৫ | | ৫৪৮ |
| ৯৩৬ | | ৯৩৬ | | ৯৩৬ |
| ৮৩৮ | | ৮৩৮ | | ৮৩৭ |
| ১৭১ | | ১১৭ | | ৭১১ |
| ৬৫৯ | | ৫৬৯ | | ৫৯৬ |
| ১৩০ | | ১২৯ | | ২১৯ |

৭.



৪৩২, ৩৪২, ২৩৪, ৬৩৪, ২১৩, ১৫৬, ৬৪৩, ৩৪০

ট্রেনের বগিতে লেখা থাকা এই নম্বর গুলি তলায় নেমে এসেছে। বড় থেকে ছোট ক্রমে সংখ্যা গুলি সাজিয়ে প্রত্যেক বগিতে তার নম্বর লিখে দাও।

৮। ছোট থেকে বড় ক্রমে সংখ্যা গুলিকে সাজিয়ে তার তলায় তাকা খালি স্থানে লেখ।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক) | ৫২০ | ৩৭৮ | ৭৩৮ | ৩৮৭ | ৩৮৮ | ২৫২ |
| | | | | | | |
| খ) | ৯৮১ | ৯১৮ | ৯৯১ | ১৯৯ | ৯১৯ | ১৮৯ |
| | | | | | | |
| গ) | ৪৩৭ | ৭৩৪ | ৩৪৭ | ৪৭৩ | ৩৭৪ | ৭৪৩ |
| | | | | | | |
| ঘ) | ৫৩৮ | ৩৫৮ | ৩৫৯ | ৫৩০ | ৩২৯ | ৬৪২ |
| | | | | | | |

৯ ক) ১,২ ও ৩ কে নিয়ে যতগুলি পারছ তিন অংক বিশিষ্ট সংখ্যা তৈরী কর। তার মধ্যে থেকে সব থেকে বড় সংখ্যাটিতে গোল ঘুরাও।

খ) ১,০,৩ কে ব্যবহার করে তিন অংক বিশিষ্ট সংখ্যা তৈরী কর ( কোন অংক একবারের থেকে বেশী ব্যবহার হবে না) সংখ্যা গুলির মধ্যে বড় সংখ্যা ও ছোট সংখ্যাকে লেখ।

গ) তিন অংক বিশিষ্ট বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা দুটি লেখ।

অধ্যায় - ৯

# এসো যোগ শিখবো

পুকুরের মাছ ও ব্যাঙেদের মধ্যে লাগল লড়াই। কেউ কাউকে ছাড়ার পাত্র নয়। যাদের সংখ্যা বেশী তারা পুকুরের মালিক হবে। সকলে সকলের জিদে অটল। মাছেরা বলল, আমাদের সংখ্যা বেশী, ব্যাঙেরা বলল আমাদের সংখ্যা বেশী।

শেষে ওরা বুড়ো কাছিমের কাছে গেল। কাছিম বুড়ো প্রথমে মাছেদের একটা একটা করে গুনল। বড় মাছ ২৬৩ টি, ছোট মাছ ৩২৮ টি। বড় ব্যাঙ ২৩৮, ছোট ব্যাঙ ৩৫৪ টি।

কাদের সংখ্যা বেশি হবে মাছেদের না ব্যাঙেদের?

এস মোট মাছেদের সংখ্যা বের করব।

২৬৩
+৩২৮



প্রথমে একক ঘর থেকে
যোগ আরম্ভ হবে।
৩ এক + ৮ এক = ১১ এক
১১এক = ১দশ ও ১ এক
যোগ ফলের একক
স্থানে ১ লেখা হবে।

**দশক ঘরে সংখ্যা গুলির যোগ**
একক ঘরের যোগফল থেকে আসা ১ দশ
এখানে যোগ হবে ৬ দশ + ২ দশ + ১ দশ ৯ দশ
যোগ ফলে দশক স্থানে ৯ থাকবে।

| | | | |
|---|---|---|---|
| | | (১) | |
| | ২ | ৬ | ৩ |
| + | ৩ | ২ | ৮ |
| | ৫ | ৯ | ১ |

**শকত ঘরের সংখ্যা গুলির যোগ**
২ শত + ৩ শত = ৫ শত
যোগফলের শকত স্থানে ৫ থাকবে।

মোট হলঃ ৫ শত + ৯ দশ + ১ এক

= ৫০০ + ৯০ + ১

= ৫৯১

| | |
|---|---|
| | ২৬৩ |
| + | ৩২৮ |
| মোট মাছ = | ৫৯১ |

সেই রকম ভাবে মোট ব্যাঙের সংখ্যা নির্নয় কর ।

| | |
|---|---|
| | ২৩৮ |
| + | ৩৫৮ |

মোট ব্যাঙ=

এখন বল কারা হবে পুকুরের মালিক

- বিদ্যালয়ের বাগানে ফুলগাছ লাগানোর সিদ্ধান্ত নেওয়া হল। প্রথম শ্রেনীর বাচ্ছারা ১৭৩টি ফুল গাছ, দ্বিতীয় শ্রেনীর বাচ্ছারা ১৫৪টি ফুল গাছ ও তৃতীয় শ্রেনীর বাচ্ছারা ২০৯ টা ফুলগাছ লাগালো। মোট কতগুলি ফুলগাছ লাগান হল ?

প্রথম শ্রেনীর বাচ্ছারা লাগিয়েছে = ১৭৩

দ্বিতীয় শ্রেনীর বাচ্ছাদের লাগান গাছের সংখ্যা = ১৫৪

তৃতীয় শ্রেনীর বাচ্ছাদের লাগান গাছের সংখ্যা = ২০৯

| | |
|---|---|
| | ১৭৩ |
| + | ১৫৪ |
| + | ২০৯ |

মোট ফুলগাছের সংখ্যা = ১৭৩ + ১৫৪ + ২০৯ =

- একজন কৃষক তার বাগানের থেকে ট্রলিতে নারকেল বাড়িতে আনলেন প্রথমবার ৩০০ টি, দ্বিতীয়বার ৯২৫ ও তৃতীয়বার ২৮৫টি আনলেন। ওনার বাগান থেকে মোট কত নারকেল বাড়িতে আনলেন ?

প্রথম বার ট্রলিতে আনা নারকেলের সংখ্যা = ☐


দ্বিতীয় বার ট্রলিতে আনা নারকেলের সংখ্যা = ☐

তৃতীয়বার ট্রলিতে আনা নারকেলের সংখ্যা = ☐


মোট নারকেলের সংখ্যা = ☐ + ☐ + ☐ = ☐

# অভ্যাস

১। চিত্র দেখে বল ও লেখ।





২। নীচে খালি থাকা ঘর গুলি পূরণ কর।




৩। তলায় তলায় কোনাকুনি থাকা সংখ্যা গুলো যোগ কর। কি পেলে লেখ?

| | | |
|---|---|---|
| ১৬৭ | ১৬০ | ১৬৫ |
| ১৬২ | ১৬৪ | ১৬৬ |
| ১৬৩ | ১৬৮ | ১৬১ |

৪। নিচে ৫টি গরু ও ৫টি বাছুরের চিত্র দেওয়া হয়েছে। সংখ্যা মিল খাওয়া কোন বাছুর, কোন গরুর কাছে যাবে দাগ টেনে দেখাও।




| | | |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৬ | ৮ | ০ |
| ২ | ৪ | ৫ |

এই টেবিলে লেগে লেগে থাকা যে কোন তিনটি ঘরের অঙ্ককে নিয়ে, তিন অঙ্ক বিশিষ্ট সংখ্যা লেখ (যতটা সম্ভব) যে সংখ্যা গুলি পেলে সেখান থেকে তিনটি করে যোগ কর। দেখ, কে এভাবে বেশী যোগ করতে পারছ।

৬। সমাধান কর।

| | |
|---|---|
| ক) প্রথম ঝুড়িতে ২৮৬ টি ঢেঁড়স আছে ও দ্বিতীয় ঝুড়িতে ১৩৭ টি ঢেঁড়স আছে। দুটি ঝুড়িতে মোটা কটি ঢেঁড়স আছে? | ২৮৬<br>১৩৭<br>৪২৩ টি ঢেঁড়স আছে। |
| খ) গুটুর চাষ জমিতে ২১৫টি ভূট্টা গাছ আছে ও ২২৮ টি বাজরা গাছ আছে, সেই চাষ জমিতে মোট কটি গাছ আছে? | |
| গ) একটা বিদ্যালয়ে ২৩৪ জন বালক ও ১৮৫ জন বালিকা আছে তবে সেই বিদ্যালয়ে মোট ক'জন বাচ্চা আছে? | |
| ঘ) মাঠে ১২৩ টি গরু, ৩২৬ টি ছাগল ও ২৭৯ টি মোষ চরছে তবে সে মাঠে মোট কত গুলি পশু চরছে? | |

| | |
|---|---|
| ঙ) রাজু একদিনে ২১৬টি ইট তৈরী করল ও মধু ২৮৪ টি ইট তৈরী করল। দুজনে মিলে একদিনে কত ইট তৈরী করল ? | |
| চ) কবিতার কাছে ৪২৫ টাকা, মিকির কাছে ২৩৮ টাকা ও লুটুর কাছে ১৪৭ টাকা আছে। এই তিন জনের কাছে মোট কত টাকা আছে? | |
| ছ) একটা গ্রামে ২২৮ জন পুরুষ, ২৩৭ জন স্ত্রী ও ২৫৪ জন বালক বালিকা আছেন। তবে গ্রামে মোট লোক সংখ্যা কত? | |

৭। এসো অনুমান করে যোগফল বের করব।

৪৩ ও ২৫ কে যোগ করলে যোগফল ৫০ থেকে বেশী হবে না ৫০ থেকে কম হবে?

আমরা আনুমানিক করার সময়, সংখ্যা দুটির একক ঘরের অঙ্ক কে বাদ দিয়ে সংখ্যা দুটিকে যোগ করলে পাব = ৪০ + ২০ = ৬০

অতএব, ৪৩ ও ২১ এর যোগ ফল ৫০ থেকে বেশী।

সেভাবে বল :-

ক) ৬২ + ৩৩ এর যোগ ফল ৮০ থেকে বেশী না ৮০ থেকে কম হবে?

খ) ৫৫ +২৪ = ৮০ এর থেকে বেশী না ৮০ থেকে কম হবে?

৮। নীচে দেওয়া সংখ্যা দুটির যোগফল অনুমান কর ও ডানদিকে থাকা উত্তরের মধ্যে ঠিক উত্তরে দাগ দিয়ে চিহ্নিত কর।

| | সংখ্যা দুটি | যোগ ফল |
|---|---|---|
| (ক) | ১৪ ২৩ | • ৩০ থেকে বেশী |
| | | • ৩০ থেকে কম |
| | | • ৩০ সঙ্গে সমান |
| | ৪৯ ২০ | • ৭০ থেকে বেশী |
| | | • ৭০ থেকে কম |
| | | • ৭০ সঙ্গে সমান |
| | ৩১ ৫১ | • ৮০ থেকে বেশী |
| | | • ৮০ থেকে কম |
| | | • ৮০ সঙ্গে সমান |
| | ৬২ ২৫ | • ৭০ থেকে বেশী |
| | | • ৭০ থেকে কম |
| | | • ৭০ সঙ্গে সমান |

৯। মনে মনে হিসাব কর ও বল ঃ-

ক) অর্পিতা ৮ টি চকলেট খেল, অর্পিতার থেকে অর্চ্চিতা ৫টি চকলেট বেশী খেল, তবে অর্চ্চিতা কতগুলি চকলেট খেল ?

খ) রুনি ৭ টি ফুল তুলল, মুনি ৯টি ফুল তুলল। দুজনের ফুল নিয়ে একটা ফুলের হার বানানো হল। সেই ফুলের হারে কতগুলি ফুল আছে?

গ) রবির কাছে ২২ টাকা ছিল, বাবা ওকে আরও ১২ টাকা দিলেন, তার কাছে মোট কত টাকা হল ?

ঘ) মিতার জন্মের সময় গীতার বয়স চার বৎসর মিতার ৫ বছর হওয়ার সময় গীতার বয়স কত হবে ?

ঙ) কোন সংখ্যা থেকে ১১ বিয়োগ করলে বিয়োগ ফল ২২ হবে ?






চ) দুটি সংখ্যার বিয়োগফল ৫। ছোট সংখ্যা ১৫ হলে বড় সংখ্যাটি কত ?

অধ্যায় - ১০

# বিয়োগ শিখব

সীতা ও গীতা বনে গিয়ে কেন্দু পাতা তুলছিল। সীতা বলল, সে বেশী পাতা তুলেছে। গীতা বলল সে বেশী পাতা তুলেছে, এভাবে ওদের মধ্যে ঝগড়া লেগে গেল। এই সময় মিতা ওখানে পৌঁছাল, ওরা মিতাকে ডেকে এর মিমাংসা করার জন্যে বলল।

মিতা ওদের বলল তোমরা নিজে নিজেদের পাতা ১০০ টি করে, ১০ টি করে ও অতিরিক্ত পাতাকে একটা একটা করে রাখ।

| | ১০০ টি পাতার আঁটি | ১০ টি পাতার আঁটি | ১ টা পাতা | মোট পাতা |
|---|---|---|---|---|
| সীতার পাতা |  |  |  | ৩৪৫ |
| গীতার পাতা |  |  |  | ২৩২ |

মিতা - সীতা, তোমার পাতার সংখ্যা কত ?
গীতাতোমার পাতার সংখ্যা কত ?
এখন বল কার পাতার সংখ্যা বেশী ?

সীতা - শতক ঘরে আমার ৩টি আঁটি আছে অতএব, আমার বেশী
গীতা বলল , আরে হ্যাঁ।

মিতা - তবে গীতার থেকে সীতার পাতার সংখ্যা কত বেশী ?
উভয়ে ভাবতে লাগল। কি করলে তা জানা যাবে চিন্তা করতে লাগল।

মিতা - বিয়োগ করলে তা জানা যাবে, **বিয়োগ করার সময় বড় সংখ্যাকে উপরে ও ছোট সংখ্যা কে তলায় লেখা হয়। স্থানীয় মান অনুযায়ী সংখ্যাদ্বয়কে তলায় তলায় লেখা হয়। একক সংখ্যা থেকে একক সংখ্যা, দশক সংখ্যা থেকে দশক সংখ্যা এবং শকত সংখ্যা থেকে শতক সংখ্যা বিয়োগ করা হয়।**

এখন বল,

৫ থেকে ২ গেলে কত ?
৪ থেকে ৩ গেলে কত ?
৩থেকে ২ গেলে কত ?

```
  ৩৪৫
- ২৩২
 -----
  ১১৩
```

তাহলে, সীতার কাছে গীতার থেকে কটি পাতা বেশি আছে?

মেলাতে ইদুঁর দাদার মিষ্টির দোকানে প্রচুর ভিড় সকলের দাবি আগে মিষ্টি কিনবে। ভিড়ের মধ্যে আছে, পিপঁড়ে, মাছি, মশা, মৌ মাছি ও ঘাস ফড়িং। পিপঁড়ে ছিল ৯৭২, মাছি ৬৭৯, মশা ৪৩৮, মৌমাছি ৮২৪ ও ঘাস ফড়িং ২১৬। ভিড়ের মধ্যে জানা যায়নি কারা বেশী বা কারা কম আছে, সবাই বলছে আমাদের দল বড় তাই আমাদের আগে মিষ্টি দেওয়া হোক। এখন তুমি বল কোন দলে সবথেকে বেশী জীব আছে?



এখন বল

মশা ঘাস ফড়িং এর থেকে কত বেশী ?

| | | | |
|---|---|---|---|
| ৪৩৮ = | ৪ শত | ৩ দশ | ৮ এক |
| −২১৬ = | ২ শত | ১ দশ | ৬ এক |
| | ২ শত | ২ দশ | ২ এক |

৮ এক থেকে ৬ এক বিয়োগ করলে বাকি থাকল ২ এক

৩ দশ থেকে ১ দশ বিয়োগ করলে বাকি থাকল ২ দশ

৪ শত থেকে ২ শত বিয়োগ করলে বাকি থাকল ২ দশ

```
  ৪৩৮
- ২১৬
------
  ২২২
```

অর্থাৎ ঘাস ফড়িং এর থেকে মশা ২২২ বেশী

মৌমাছি মাছির থেকে কত বেশী ?

| শতক | দশক | একক |
|---|---|---|
| ৮ | ২ | ৪ |
| - ৬ | ৭ | ৯ |
| ১ | ৪ | ৫ |

| | | | |
|---|---|---|---|
| ৮২৪ মৌমাছি = | ৮ শত | ২ দশ | ৪ এক |
| ৬৭৯ মাছি = | ৬ শত | ৭ দশ | ৯ এক |

৪ এক থেকে ৯ এক বিয়োগ করা যাবে না। কি করব ?

দশক ঘর থেকে ১ দশ এনে ৪ একে যোগ করলে ১০ + ৪ ১৪ এক হবে।

এখন ১৪ থেকে ৯ বিয়োগ করলে বেশী থাকল ৫ এক।

দশক স্থানে থাকল ১ দশ সেখানে থেকে বিয়োগ হবে ৭ দশ। কিন্তু ১ এর থেকে ৭ বড় কি করব ?

শতক ঘর থেকে এক শ আনবো শতক ঘরের সংখ্যা হল ১০ + ১ = ১১ দশ

১১ দশ থেকে ৭ দশ বিয়োগ করলে বাকি থাকল ৪ দশ। শতক ঘরে থাকল আর ৭ শতক সেখানে থেকে ৬ শতক বিয়োগ করলে বাকি থাকল ১ শতক।

```
   ৮২৪
—  ৬৭৯
  ─────
   ১৪৫
```

মৌমাছির সংখ্যা মাছির সংখ্যার থেকে কত বেশী ?

এখন নির্ণয় কর

ক) পিপঁড়ে সংখ্যা মাছির সংখ্যার থেকে কত বেশী ?

খ) মাছির সংখ্যা মশার সংখ্যার থেকে কত বেশী ?

গ) ঘাস ফড়িং এর সংখ্যা মৌমাছির সংখ্যার থেকে কত কম ?

ঘ) ঘাস ফড়িং সংখ্যা পিপঁড়ের সংখ্যার থেকে কত কম ?

## অভ্যাস

১ গোলাকার চিত্রের খালি স্থানে সংখ্যা লেখ। যেমন প্রত্যেক লাইনে সংখ্যা দুটির যোগফল ৬৭৮ হবে।



২.




চিত্র দেখে বল

ক) রেডিওর থেকে প্রেসার কুকারের দাম কত কম ?

খ) ইস্ত্রির দামের থেকে ঘন্টার দাম কত বেশী ?

গ) বাক্সের দাম ঘন্টার দামের থেকে কত বেশী ?

ঘ) প্রেসার কুকারের দাম গ্রাইন্ডারের দামের থেকে কত কম ?

ঙ) ইস্ত্রীর দাম বাক্সের দামের থেকে কত কম ?

৩.

| | | |
|---|---|---|
| ১ | ৫ | ৩ |
| ৯ | ০ | ৮ |
| ৪ | ৭ | ২ |


এই টেবিল থেকে অঙ্ক গুলিকে নিয়ে যত ইচ্ছা পার তিন অংক বিশিষ্ট সংখ্যা লেখ। সেখানে দুজোড়া করে সংখ্যা বেছে বড় সংখ্যার থেকে ছোট সংখ্যা বিয়োগ ফল নির্ণয় কর। দেখ কে সব থেকে বেশী বিয়োগ করতে পারছ।

৪।   কোন ব্যাঙ কোন কচু ঝোপের কাছে  যাবে চেনাও

১    ২    ৩    ৪    ৫



৪২    ১৪২    ১১৪    ১৭৩    ১৩৯




১    ২    ৩    ৪    ৫

৫।   নীচে দেওয়া গল্পটিকে পড় ও উত্তর লেখ।

ভীমা ভাবল দুধ কিনে খাওয়া আর সম্ভব নয়। এখন দুধ দিতে থাকা গোরু কিনবে। কিছু টাকা নিয়ে হাটে গেল। একটা দুধ দেওয়া গোরু কেনার জন্য গোরু বিক্রেতাকে দাম জিজ্ঞাসা করাতে সে ৮৯৭ টাকা বলল। ভীমা দেখল ওর কাছে অত টাকা নেই। ভীমা এদিক ওদিক তাকাল। ভীমার এই অবস্থা দেখে গরু বিক্রেতা বলল তোমার কাছে কত টাকা আছে বল। টাকা গুনে ভীমা বলল ৫৩৮ টাকা। গরু বিক্রেতা বলল গরু না নিয়ে একটা বাছুর ৩৬৯ টাকায় দিয়ে কিনে নাও। ভীমা ভাবল গরু একটা কেন এত দাম দিয়ে কিনব? কম টাকা দিয়ে বাছুর একটা নিয়ে অল্প কিছুদিন পালন করলে, সে বড় হয়ে গরুর মত দুধ দেবে।এই ভেবে ও বাছুর কিনল।

ক) বাছুর কেনার পর ভীমার কাছে কত টাকা বাকি থাকল?

ভীমা হাটে নিয়ে যাওয়া টাকা ______ টাকা

বাছুর কেনাতে খরচ হওয়া টাকা ______ টাকা

বাকী থাকা টাকা ______ টাকা ______ টাকা

খ) কত টাকা বেশী দিলে সে গরুটিকে কিনতে পারত ?

গোরুর দাম ছিল ______ টাকা

ভীমার কাছে ছিল ______ টাকা

আর দরকার ছিল ______ টাকা

৬। সমাধান কর ঃ

| | |
|---|---|
| ক) ৯৮৬ জন ছাত্র ছাত্রীদের মধ্যে ছাত্রদের সংখ্যা ৪৯৭ জন হলে। ছাত্রীদের সংখ্যা কত ? | ৯৮৬<br>- ৪৯৭<br>৪৮৯ |
| খ) একদিন মুরগির ফার্মের মুরগিরা ৬০০ টি ডিম দিল সেখান থেকে ৪৮৭ টি ডিম বিক্রি হয়ে গেল। সেদিন কটা ডিম বাকি ছিল ? | |
| গ) একটা গ্রামের ৭৩৭ জন লোকের মধ্যে ৪৮৯ জনের নাম ভোটার তালিকায় আছে। তবে কত জন লোকের নাম ভোটারের তালিকায় নেই ? | |
| ঘ) তিন অঙ্ক বিশিষ্ট বৃহত্তম সংখ্যার থেকে তিন অঙ্ক বিশিষ্ট ক্ষুদ্রতম সংখ্যা কত ছোট ? | |


৭। বন্যা ত্রানের জন্য হরিপুর স্কুল থেকে ৪২৫ টাকা সংগ্রহ করা হল । বিদেই পুর স্কুলে হরিপুর স্কুলের থেকে ১৩০ টাকা অধিক সংগ্রহ করা হল। তবে এই দুই স্কুলের থেকে মোট কত টাকা সংগ্রহ করা হল।

বন্যা ত্রানের জন্য হরিপুর স্কুলের থেকে সংগ্রহ হল = ______ টাকা

বিদেইপুর স্কুল থেকে সংগ্রহ হল = ______ টাকা

দুটি স্কুল থেকে মোট সংগ্রহ হল ______ + ______ = ______ টাকা

৮ এখন বল ও লেখ। (+) চিহ্নের নিচে দেওয়া ☐ মধ্যে কোন সংখ্যা বসবে।)




৯. কোন জোড়া কার সাথে মিলবে তীর চিহ্ন দিয়ে দেখাও।

| | |
|---|---|
| ২৩ + ২৫ | ২২ + ১৫ |
| ৪৮ - ১১ | ১৪ + ১০ |
| ১৫ + ১২ | ৩২ - ১২ |
| ৪৯ - ৩৭ | ৩৯ - ১২ |
| ৪২ - ২২ | ১১ + ৩৭ |
| ৩৬ - ১২ | ৩৭ - ২৫ |

১০.




ক) বাঘ ও ভাল্লুক মিলে কটি পশু ?

উপরের প্রশ্নের মত আর তিনটি প্রশ্ন তৈরী কর।

খ) কুমিরের সংখ্যার থেকে জেব্রার সংখ্যা কত কম ?

**কম** শব্দ ব্যবহার করে ওপরের প্রশ্নের মত আর দুটো প্রশ্ন তৈরী কর।

১১.ক) নিচে একটা প্রশ্নের সমাধান কে প্রথমে দেওয়া হয়েছে তারপর প্রশ্নটি লেখা হয়েছে। লক্ষ্য কর

লক্ষী পূজার দিন

মা তৈরী করে থাকা পুলি পিঠের সংখ্যা = ৩২



ঠাকুমা তৈরী করা গুড় পিঠের সংখ্যা = ২৪



মোট পিঠের সংখ্যা = ৫৬

এই সমাধানের জন্য প্রশ্নটি কি হবে লক্ষ্য কর -

লক্ষ্মী পূজার দিন মা ৩২ টি পুলিপিঠে তৈরী করলেন ঠাকুমা ২৪টি গুড় পিঠে তৈরী করলেন। সেদিন মোট ক'টি পিঠে তৈরী হয়েছিল ?

**নিচে দেওয়া প্রত্যেক সমাধানের জন্য প্রশ্ন কি হবে লেখ ?**

ক) বাগানে কাজ করতে থাকা দ্বিতীয় শ্রেনীর বালিকাদের সংখ্যা = ২০

বাগানে কাজ করতে থাকা তৃতীয় শ্রেনীর বালিকাদের সংখ্যা = ১৭

বাগানে কাজ করা মোট বালিকা সংখ্যা = ৩৭

খ) জন্ম দিনে এসে থাকা চকলেট এর সংখ্যা = ৫৬

বাচ্চাদের ভাগ করা চকলেটের সংখ্যা = ৪২

তোমার কাছে বেঁচে থাকা চকলেটের সংখ্যা = ১৪

**১২. এস অনুমান করে বিয়োগ ফল বলব ঃ**

৮৭ থেকে ২৬ বিয়োগ করলে বিয়োগ ফল ৫০ থেকে বেশী হবে না ৫০ থেকে কম হবে ?

আমরা অনুমান করার সময় সংখ্যা দুটির একক ঘরকে বাদ দিয়ে বিয়োগ করলে পাব।

৮০ - ২০ = ৬০, অতএব ৮৭ তেকে ২৬ বিযোগ করলে বিয়োগ ফল ৫০ এর থেকে বেশী হবে।

সেরকম বল ঃ-

ক) ৫৮ ও ১৫ এর বিয়োগ ফল ৩০ এর থেকে বেশী হবে না কম হবে ?

৫০ - ১০ = ৪০ অতএব বিয়োগ ফল ৩০ থেকে বেশী।

খ) ৮৫ - ৩০ এর মূল্য ৪০ থেকে বেশী না কম ?

১৩. প্রত্যেক ঘরে দেওয়া সংখ্যা দুটির বিয়োগ ফল অনুমান কর। তার ডানদিগে থাকা তিনটি উত্তরের মধ্যে ঠিক উত্তর টিকে দাগ দিয়ে চিহ্নিত কর।

৫৪ - ৩০
- ২০ থেকে বেশী
- ২০ থেকে কম
- ২০ সঙ্গে সমান

৮৯ - ২৮
- ৬০ এর থেকে বেশী
- ৬০ এর থেকে কম
- ৬০ এর সঙ্গে সমান

৬৮ - ৪৪
- ২০ র থেকে বেশী
- ২০ এর থেকে কম
- ২০ এর সঙ্গে সমান

৯৯ - ৪০
- ৫০ থেকে বেশী
- ৫০ থেকে কম
- ৫০ এর সঙ্গে সমান

১৪. মনে মনে হিসেব করে বল ঃ

ক) ২০ তে কত যোগ করলে ৪০ হবে?

খ) ৬০ এর থেকে কত বিয়োগ করলে ৩০ হবে?

গ) ৫০০ এর কত বিয়োগ করলে ২০০ হবে?


ঘ) ৭০০ এর থেকে ১০০ বিয়োগ করলে যত হবে, ৪০০ এর কত যোগ করলে তত হবে?

ঙ) প্রভাত ব্লাকবোর্ড এ ৩৩ লিখেছিল। প্রতিমা সেখান থেকে একটা ৩ মুছি দিল, নতুন সংখ্যার মূল্য ৩৩ থেকে কত কম হল?

চ) বর্ষার জন্যে তোমাদের শ্রেনীতে ৩৮ বাচ্ছার থেকে ১২ জন অনুপস্থিত হয়েছিল, সেদিন ক'জন বিদ্যালয়ে উপস্থিত ছিল?

অধ্যায় - ১১

# এসো গুনন করব



ঘোড়া ও হাতিদের মধ্যে ক্রিকেট খেলার ফাইনাল ম্যাচ , গাধাকে রান হিসাব করার দায়িত্ব দেওয়া হয়েছে ও ঘোড়ারা জোরে দৌড়ে অনেক রান করল। তার পর হাতীদের পালা, হাতীরা জোরে দৌড়তে না পারায় একটার পরে একটা রান আউট হল। হাতী দলের অধিনায়ক ব্যাটিং করতে এলো। সকলে জোরে তালি মারল। অধিনায়ক দেখতে দেখতে ৮টি বড় ছক্কা মারলেন। গাধা রান হিসেব করবে কি ভাবে ?

( ৬ + ৬ + ৬ + ৬ + ৬ + ৬ + ৬ + ৬) এই ভাবে লিখে গাধা মেশাতে আরম্ভ করল। হাতী দলের নেতার রান ঘোষণা করা হবে। সকলে শুনবার জন্য তাকিয়ে বসে ছিল। হাতীর রান জানার জন্যে গাধার চারদিকে সবাই ঘিরে গেল। বগুলিয়া বানরের বাচ্ছা সকলকে ঠেলে ঠেলে গাধার কাছে পৌছে গেল। সে গাধাকে বলল ‘‘আরে গাধা ভাই, এমন ভাবে তাড়াতাড়ি হিসেব করা যাবে না।’’

৬ কে ৮ বার যোগকরা যা ‘৬’ কে ‘৮’ দ্বারা গুন করাও তাই অতএব খুব শীঘ্র হাতীর রান জানার জন্য গাধা বুঝতে পারল। সে বলল বাঃ এত খুব ভাল উপায়
এখন হাতী যতই ছক্কা মারুক আমি শীঘ্র হিসাব করে ঘোষনা করে দেব।

৬ + ৬ + ৬ + ৬ + ৬ + ৬ + ৬ + ৬ = ৪৮

৬ এর ৮গুন = ৪৮ বা ৬ x ৮ = ৪৮

● এখন তুমি বল কত হবে ?

৬ এর ৪ গুন = ------------------

৬ এর ৬ গুন = ------------------

৬ এর ৭ গুন = ------------------

৬ এর ৯ গুন = ------------------

এসব গুনফল গুলিকে এভাবে লেখা যেতে পারে।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ | ৩৬ | ৪২ | ৪৮ | ৫৪ | ৬০ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ৬ | ৬ | ৬ | ৬ | ৬ | ৬ | ৬ | ৬ | ৬ | ৬ |

● এখন সেই রকম ৭এর গুনন সারনী তৈরী করব।

| | | |
|---|---|---|
| ৭ এর ১ গুন | ৭ | ৭ x ১ = ৭ |
| ৭ এর ২ গুন | ৭+৭ | ৭ x ২ = ১৪ |
| ৭ এর ৩ গুন | ৭ + ৭ + ৭ | ৭ x ৩ = ২১ |
| ৭ এর ৪ গুন | | |
| ৭ এর ৫ গুন | | |
| ৭ এর ৬ গুন | | |
| ৭ এর ৭ গুন | | |
| ৭ এর ৮ গুন | | |
| ৭ এর ৯ গুন | | |
| ৭ এর ১০ গুন | | |

- **গুনন সারনী লক্ষ করে প্রশ্ন গুলির উত্তর দাও।**

১। ৪ সপ্তাহে কতদিন ?

২। একটা কলমের দাম ৭ টাকা, ৬ টি কলমের দাম কত ?

৩। একজন বাচ্ছা ৭ টি বেলুন কিনল।প্রত্যেক বাচ্ছা সমান সংখ্যক বেলুন কিনলে, ৮ জন বাচ্চা কটা বেলুন কিনবে ?



**৮ এর গুনন সারনী ঃ**

একটা মাকড়সার পায়ের সংখ্যা =...৮..........

৩টি মাকড়সার পায়ের সংখ্যা কত ? = ৮ +৮ +৮


= ৮ এর ৩ গুন ৮ x ৩ =২৪

সেরকম তালিকায় থাকা খালি স্থান পূরণ কর।

| | | |
|---|---|---|
| ৮ এর ১ গুন | ৮ | ৮ x ১ = ৮ |
| ৮ এর ২ গুন | ৮ + ৮ | ৮ x ২ =১৬ |
| ৮ এর ৩ গুন | ৮ +৮+ ৮ | ৮ x ৩ =২৪ |
| ৮ এর ৪ গুন | ........................ | ......................... |
| ৮ এর ৫ গুন | ........................ | ......................... |
| ৮ এর ৬ গুন | ........................ | ......................... |
| ৮ এর ৭ গুন | ........................ | ......................... |
| ৮ এর ৮ গুন | ........................ | ......................... |
| ৮ এর ৯ গুন | ........................ | ......................... |
| ৮ এর ১০ গুন | ........................ | ......................... |

মুন মুন ৮ এর নামতা লিখে টেবিলের ওপর রেখে ঘুমিয়ে পড়ল ও সকালে উঠে দেখল ওর নামতা উই নষ্ট করে দিয়েছে , মুন মুন এই দেখে ভো ভো করে কান্না শুরু করেদিল। উই কেটে থাকা স্থানে তুমি ঠিক উত্তর লিখে জুড়ে দিলে মুনমুনের কান্না বন্ধ হয়ে যাবে।






- **এখন বল**

১। একটা কলসিতে ৮ লিটার দুধ ধরে। সেভাবে ৭টি কলসিতে কত লিটার দুধ ধরবে?


২। একটা সার্টএ ৮ টি বোতাম লাগলে, ৫ টি সার্টএ কটা বোতাম লাগবে?

৩। একটা লাইনে ৮ জন শিশু বসলে ৪ টি লাইনে ক'জন শিশু বসবে?

**৯ এর গুনন সারনী**

| | | | |
|---|---|---|---|
| ৯ এর ১ গুন | ৯ | ৯ X ১ | = ৯ |
| ৯ এর ২ গুন | ৯ + ৯ | ৯ X ২ | = ১৮ |
| ৯ এর ৩ গুন | ৯+ ৯+ ৯ | ৯ X ৩ | = ২৭ |
| ৯ এর ৪ গুন | .................... | .............. | ............. |
| ৯ এর ৫ গুন | .................... | .............. | ............. |
| ৯ এর ৬ গুন | .................... | .............. | ............. |
| ৯ এর ৭গুন | .................... | .............. | ............. |
| ৯ এর ৮গুন | .................... | .............. | ............. |
| ৯ এর ৯ গুন | .................... | .............. | ............. |
| ৯ এর ১০ গুন | .................... | .............. | ............. |

**তুমি এগুলি পূরণ কর**



- **মনে মনে হিসাব করে বল ঃ**

১। ৯টা মাছ আছে। প্রত্যেক মাছকে ৯ টুকরো করে কাটলে মোট কত টুকরো মাছ হবে ?

২। একজন সুত্রধর কে একটা আলমারি বানাতে ৯ দিন সময় লাগে। ৭ টি আলমারি বানাতে কদিন সময় লাগবে ?

৩। একটা ব্যাগে ৯ কি.গ্রা. চিনি থাকলে, ৬ টি ব্যাগে কত চিনি থাকবে ?

**এসো রং দেবো ঃ—**

নীচে কতগুলো কার্ড এ গুনন করতে বলা হয়েছে। যে কার্ড এর সংখ্যাদের গুনফল ৩২, সেই কার্ডটিকে লাল রং দাও। গুনফল ২৪ হলে নীল রং দাও, গুনফল ৩৬ হলে সবুজ রং দাও। অন্য কার্ড গুলোতে কোন রং দিও না।

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ X ৬ | ৮ X ২ | ৬ X ৪ | ৪ X ৮ | ৭ X ৪ |
| ৮ X ৪ | ৬ X ৭ | ৮ X ৩ | ৭ X ৬ | ৯ X ৪ |

**১০ এর গুনন সারনী**

| | | |
|---|---|---|
| ১০ এর ১ গুন | ১০ | ১০ x ১ |
| ১০ এর ২ গুন | ১০ + ১০ | ১০ x ২ |
| ১০ এর ৩ গুন | ১০ + ১০ + ১০ | ১০ x ৩ |
| ১০ এর ৪ গুন | .................................. | .......................... |
| ১০ এর ৫ গুন | .................................. | .......................... |
| ১০ এর ৬ গুন | .................................. | .......................... |
| ১০ এর ৭ গুন | .................................. | .......................... |
| ১০ এর ৮ গুন | .................................. | .......................... |
| ১০ এর ৯ গুন | .................................. | .......................... |
| ১০ এর ১০ গুন | .................................. | .......................... |

তুমি খালি ঘর গুলো পুরণ কর ঃ

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| □ | □ | □ | □ | □ | □ | □ | □ | □ | □ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ |

- **এখন বল ঃ**

ক) একটা লাইনে ১০ টি চারা গাছ লাগালে , ৫ টি লাইনে কটা চারা গাছ লাগাবে ?

খ) একটা কলমের দাম ১০ টাকা হলে। ৮ টি কলমের দাম কত হবে ?

গ) সাতটি সমান মাপের কাঠি আছে প্রত্যেক কাঠিকে ১০ খন্ড করলে মোট কটা খন্ড হবে ?

ঘ) একটা গাড়ির ৪ টি চাকা, ১০ টি গাড়ির কটা চাকা ?

- **শূন্য স্থান পূরণ কর**

৬,১২, ১৮, ........., ........., ........., ........., ........., ........., ৬০

৭,১৪, ২১, ........., ........., ........., ........., ........., ........., ৭০

৮,১৬, ২৪,৩২, ........., ........., ........., ........., ........., ৮০

৯,১৮,২৭, ৩৬, ........., ........., ........., ........., ........., ৯০

১০, ২০, ৩০, ৪০, ........., ........., ........., ........., ........., ১০০

- নীচের টেবিলের পাশাপাশি থাকা ঘর দুটিতে থাকা সংখ্যা দুটির গুনফল কে টেবিল বাইরের দিকে থাকা ঘরে লেখ।

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ২৭ | |
| | ১ | ২ | ৩ | |
| ৩২ | ৮ | ৪ | ৯ | |
| | ৭ | ৬ | ৫ | ৩০ |
| | ৫৬ | | | |

এই রকম আর ও কয়েকটি টেবিল তৈরী করে, সেখানে ১ থেকে ১০ এর মধ্যে বিভিন্ন সংখ্যা লিখে আগের মত গুনফল নির্ণয় করে ফাঁকা ঘরে লেখ। দেখ কে কতটা গুনফল লিখতে পারছ?

টিয়াদিদির দোকান দেখ
জুতো কেমন বিক্রি করছে দেখ।
মাকড়শা, ইঁদুর, ঘর চড়ুই দেখ
কটা জুতো কিনবে লেখ।
বারোটা ইঁদুর একত্র হল,
নিজের জন্যে জুতো উঠিয়ে নিল।
ছব্বিশ চড়ুই এলো ধেয়ে
কটা জুতো যাবে তারা নিয়ে ?
জুতো কিনতে খুব তাড়াতাড়ি।
মাকড়শা ছিলো একশ ষোল।
হিসোব করে তোমরা বল,
কে কতটা জুতো কিনল ?



একটা ইঁদুরের ৪টি জুতো

১২ টি ইঁদুরের জন্যে দরকার = ১২ X ৪

এখানে ১২ হচ্ছে গুন্য ও ৪ হচ্ছে গুনক

গুন ডাণদিক থেকে (গুন্যর একক ঘর) আরম্ভ হয়।

  ১২
× ৪
____

গুন্যর একক ঘরের অংককে গুনক দ্বারা গুন

২ X ৪ = ৮ এক

গুন ফলের একক ঘরে ৮ থাকবে।

  ১২
× ৪
____
  ৪৮

গুন্যর দশক ঘরের অংককে গুনক দ্বারা গুনলে


১ দশ X ৪ = ৪ দশ

গুনফলের দশক ঘরে ৪ থাকবে।

গুনফলের দশক ঘরে ৪ ও একক ঘরে ৮

৪ দশ ৮ এক = ৪৮

এখন বল ইঁদুররা কতটা জুতো কিনল ?



- একটা চড়ুইর জন্যে ২ জুতো

২৬ টি চড়ুই-এর জন্যে দরকার = ২৬ X ২

এখানে গুনক কত ? ____ গুন্য কত ? ____

**গুন্যের একক ঘর অংকর সহিত গুনকের গুন**

৬ এক X২ = ১২ এক

১২ একক কে ১ দশ ২ এক লেখা যেতে পারে।

গুনফলের একক ঘরে ২ ও দশক ঘরে ১ থাকবে।

| | দশ | এক |
|---|---|---|
| | ২ | ৬ |
| × | | ২ |
| | ১ | ২ |
| + | ৪ | |
| | ৫ | ২ |

**গুন্যর দশক ঘর অংকের সাথে গুনন করে।**

২ দশ X ২ = ৪ দশ

গুনফলের দশক ঘরের নীচে ৪ থাকবে।

এখন যোগ করলে যোগফল ৫২ হবে।

অর্থাৎ ২৬ X ২ =৫২



- একটা মাকড়সার জন্যে ৮ টি জুতো।

১১৬ মাকড়সার জন্যে দরকার ১১৬ X ৮ টি জুতো

এখানে গুন্য কত ? ____

এখানে গুনক কত ? ____

**গুন্যর একক ঘরের অংকের সঙ্গে গুনকের গুন।**

৬ এক X৮ = ৪৮ এক

৪৮ কে ৪ দশ ৮ এক লেখা যেতে পারে

গুনফলের দশকেকর ঘরে ৪ ও একক ঘরে ৮ থাকবে।

গুন্যের দশক ঘরের অংকের সঙ্গে গুনকের গুন করে

১ দশ x ৮ = ৮ দশ

অতএব ঘুনফলের দশক ঘরে ৮ থাকবে।

**গুন্যের শতক ঘর অংকের সহিত গুনকের গুন**

১ শতক x ৮ = ৮ শত

গুনফলের শতক ঘরে লেখা যাবে ৮।

| |
|---|
| ১১৬ |
| X ৮ |
| ৪৮ |
| ৮০ |
| +৮০০ |
| ৯২৮ |

গুনফল হলো ৯ শতক ২ দশক ৮ একক বা

৯২৮

মাকড়সারা ৯২৮ টি জুতো কিনল।

সংক্ষেপে গুনন ঃ

| |
|---|
| ১১৬ |
| x ৮ |
| ৯২৮ |

- **উদাহরন দেখে শূণ্যস্থানপূরণ কর।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ x ১০ | = | ১৩০ | ২৭ x ১০ | = | ২৭০ |
| ৩৪ x ১০ | = | ৩৪০ | ৬১ x ১০ | = | |
| ৫৫ x ১০ | = | | ৭৮ x ১০ | = | |
| ৮২ x ১০ | = | | ১০০ x ১০ | = | |

১০ দ্বারা গুন হওয়া সংখ্যা ও এদের গুনফলের মধ্যে কি লক্ষ্য করছ?

.....................................................................................

.....................................................................................

.....................................................................................

.....................................................................................

যে কোন সংখ্যাকে ১০ দ্বারা গুন করলে গুন্যর ডানদিকে একটি ০ বসালে গুনফল পাওয়া যাবে।

# অভ্যাস


১। স্বাধীনতা দিবসে একটা বিদ্যালয়ের প্রত্যেক শিশুকে ৩ টি করে লাড্ডু দেওয়া হল। ১২৫ টি শিশুকে কটা লাড্ডু দেওয়া হল ?

একটি শিশুকে ৩ টি লাড্ডু দেওয়া হল।

১২৫ জন বাচ্ছাকে দেওয়া হল = ১২৫ x ৩ =

১২৫
X ৩

২। কোন তালা কোন চাবিতে খুলবে দাগ দিয়ে জুড়ে দাও ?




৩। গুনফল নির্ণয় কর

| | | | | |
|---|---|---|---|---|
| ৭২ | ১৪৩ | ১০৫ | ২০৬ | ৪০০ |
| X ২ | X ৬ | X ৩ | X ৪ | X ২ |

৪। **নিম্ন লিখিত প্রশ্ন গুলি সমাধান কর।**

ক) ১৬ টি ফুলের গুচ্ছ তৈরী করা হবে একটা গুচ্ছে ৮ টি ফুল থাকলে, সমগ্র গুচ্ছে কতটা ফুলের প্রয়োজন।

খ) ভুবনেশ্বর থেকে কোরাপুট ট্রেন ভাড়া ১৪৮ টাকা। একটা পরিবারের ৬ জন লোক ভুবনেশ্বর থেকে কোরাপুট গেল, তাদের কতটাকা রেল ভাড়া লাগবে ?

গ) জয়রাম বাবুর পাউরুটি কারখানায় ১ ঘন্টায় ১৬০ টি পাউরুটি তৈরী হয় ৬ ঘন্টায় ওই কারখানায় ক'টা পাউরুটি তৈরী হবে ?

ঘ) প্রত্যেক ট্রেতে ৩০ টি ডিম থাকলে, ৯ টি ট্রেতে কটা ডিম থাকবে ?


ঙ) একটা শাড়ির দাম ৩০৭ টাকা হলে, ৩ টি শাড়ি কিনতে কত টাকা লাগবে ?

চ) একজন ব্যবসায়ী একটা ঘরে ২২৪ টি তেলের টিন রাখলে ৪ টি ঘরে ক'টা তেলের টিন রাখবে ?


ছ) একটা ফ্রকের মূল্য ৫৮ টাকা, ভাস্কর বাবু এক রকমের ১০ টি ফ্রক কিনলেন। উনি দোকানীকে কত টাকা দেবেন।

৫ **কাঠির থেকে গুনন কর ঃ-**


যেমন-



৬ X১ = ৬



৬ X ২ =



৬ X৩ =

এভাবে ৮ X ২ ও ৮ X ৪ কে চিত্রতে দেখাও

অধ্যায় ১২

# এসো ভাগ করব




কোন দলে কত থাকলে হিসেব করে বল

খরগোশ ছিল ১৮

তাদের দলের সংখ্যা ৩ টি

প্রত্যেক দলে খরগোশ থাকবে ৬ টি





মুরগীর বাচ্চা ..................টি ।



এদের দল হলো ............টি। প্রত্যেক দলে মুরগির বাচ্চা থাকল.................টি।

● ফুল গুলি নিয়ে দুটো মালা তৈরী কর।





একটা মালায় ফুল থাকল টি।

● ঝুমা,জলি, জিলু ও মিলু, কুল খাবার জন্যে জেদ করল। দিদিমা বললেন, ঠিক আছে তোমরা বসো আমি ১২ টি কুল এনেছি। সমান ভাবে ভাগ করে দেবো। কারো কম বেশী হবে না।

দিদিমা কি ভাবে ৪ জনকে সমান ভাগে ভাগ করলেন ?

দিদিমা প্রথম সকলকে একটা করে কুল দিলেন।



দিদিমার কাছে আর কটি কুল থাকলো ?

তারপর দিদিমা সবাইকে আর একটা করে কুল দিলেন।



এখন প্রত্যেকে কটা করে কুল পেল ?

দিদিমার কাছে আর কটি থাকলো ?

দিদিমা আবার একটা করে সবাইকে দিলেন।

দিদিমার কাছে আর কুল নেই, সব ভাগ করে দিলেন।



এখন প্রত্যেকে ক'টা করে কুল পেল ? ____________

দিদিমা কয়টি কুল এনেছিলেন ? ________ কুল কতটি ভাগে ভাগ হলো ? ________

একজনের ভাগে কটা কুল পড়ল ? ________

এই কথাটা অন্য ভাবে বললে





১২ টা কুল ৪ ভাগ করলে, প্রত্যেক ভাগে ৩ টি করে কুল পড়বে।

সংক্ষেপে ১২ ÷ ৪ = ৩


এখানে ১২ ভাজ্য , ৪ হচ্ছে ভাজক, ৩ হচ্ছে ভাগফল।

## অভ্যাস

১ চিত্র দেকে লেখ


| | | |
|---|---|---|
| ক) |  | ৬ ÷ ৩ = ২ |
| খ) |  | ৯ ÷ ৩ = ___ |
| গ) |  | ৮ ÷ ২ = ___ |
| ঘ) |  | ১২ ÷ ৪ = ___ |

২. ক) প্রতিটি ভাগে ৪ টি , কটা ভাগ হবে ?




২০ ÷ ৪ = ৫

খ) প্রতিটি ভাগে ৬ টি , কটা ভাগ হবে ?




____ ÷ ____ = ____




গ) প্রতি ভাগে ৫ টি, কটা ভাগ হবে ?



____ ÷ ____ = ____

৩। সূচনা অনুযায়ী জিনিষ গুলিতে গোল ঘুরয়ে একত্র কর ও খালি ঘর পূরণ কর।

| জিনিষ | সূচনা | ভাগ | ভাগে প্রকাশ |
|---|---|---|---|
| ক)  | ১টা ভাগে দুটি ফল | ভাগ সংখ্যা ৪ | ৮ ÷ ২ = ৪ |
| খ)  | একটা ভাগে ৩ টি চকলেট | | |

| জিনিষ | সূচনা | ভাগ | ভাগে প্রকাশ |
|---|---|---|---|
| গ)  | একটা ভাগে ৬ টি লাটু | | |
| ঘ)  | ১ টা ভাগে ৪ টি কলা | | |
| ঙ)  | একটা ভাগে ৬ টি বল | | |
| চ)  | একটা ভাগে ৭টি ফুল | | |

৪ গাছের থেকে ১৮টি নারকেল তোলা হল। রহিম একবারে দুটো করে নারকেল বাড়ি নিয়ে গেল। সে কত বারে সবগুলি নারকেল বাড়ি নিয়ে যাবে?



৫। উদাহরণ দেখে খালি ঘর পূরণ কর।

| | | |
|---|---|---|
| ৫ × ২ = ১০ | ১০ ÷ ২ = ৫ | ১০ ÷ ৫ = ২ |
| ৪ × ৩ = ১২ | ১২ ÷ ৩ = ৪ | |
| ৬ × ৫ = ৩০ | | |
| ৭ × ৪ = ২৮ | | |
| ৯ × ৫ = ৪৫ | | |
| ৮ × ৪ = ৩২ | | |

৬। পাশের টেবিল থেকে খোজ এবং খাতায় লেখ

ক) ৩ দ্বারা ভাগ হতে পারা সংখ্যা গুলি

খ) ৫ দ্বারা ভাগ হতে পারা সংখ্যা গুলি

গ) ৬ দ্বারা ভাগ হতে পারা সংখ্যা গুলি

ঘ) ৪ দ্বারা ভাগ হতে পারা সংখ্যা গুলি

ঙ) ৯ দ্বারা ভাগ হতে পারা সংখ্যা গুলি

| | | | |
|---|---|---|---|
| ১৫ | ২০ | ১১ | ৬ |
| ৫ | ৮ | ২৫ | ১২ |
| ২৪ | ৯ | ৩৫ | ৭ |
| ১৮ | ৫ | ২১ | ১৬ |
| ১৫ | ২৭ | ৮ | ৩১ |

৭।

| | | |
|---|---|---|
| ৬ | ১০ | ১২ |


নীচে কার্ড গুলির মূল্য নির্ণয় কর ও ওপরের সংখ্যা লক্ষ্য করে সেখানে রং দাও।

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ ÷ ২ | ১ × ১২ | ১২ ÷ ২ | ২ × ৬ | ১০ × ১ |
| ২৪ ÷ ৪ | ২ × ৩ | ৩৬ ÷ ৩ | ১ × ৬ | ১৮ ÷ ৩ |
| ২ × ৫ | ২৪ ÷ ২ | ১৮ ÷ ৩ | ৩ × ৪ | ৩০ ÷ ৩ |

৮। বেলুন গুলো ৪ জন শিশু সমান ভাবে ভাগ করে নিল। প্রত্যেক শিশু কটা করে বেলুন নেবে?



৯।




চাকা গুলোকে কটা রিক্সায় লাগানো যেতে পারে?

১০। ভাগদেখে বিন্দু সাজাও।

- উদাহরণ

১৫ ÷ ৫ = ৩



ক) ১৮ ÷ ৩ = ৬


খ) ২৮ ÷ ৪ = ৭

গ) ৩২ ÷ ৮ = ৪

ঘ) ৩৫ ÷ ৭ = ৫





ক্রমান্বয়ে বিয়োগের সাহায্যে ভাগ ঃ



ডিম ছিলো ৮ টি
প্রথমে ছানা হল ২ টি
ডিম থাকলো কয়টি ?


৮
-২
———
৬ টি






আবার ছানা হল ২ টি
ডিম থাকলো কয়টি ?

৬
-২
———
৪টি



আবার ছানা হল ২টা
ডিম থাকলে কয়টি ?

৪
-২
———
২ টি



আবার ছানা হল ২ টি
ডিম থাকলো কয়টি ?

২
-২
———
০ টি

কটা ডিম ছিলো ☐
প্রত্যেকবার কটা ছানা হল ? ☐
কতবারে ৮ ডিমের ছানা হলো ? ☐
শেষে আর কটা ডিম থাকলো ? ☐

৮টি ডিম ছিলো।

প্রত্যেকবার ২ টি করে ডিম থেকে ছানা বেরলো।

৪বারে সব ডিমের ছানা বের হলো?

সংক্ষেপে ৮ ÷ ২ = ৪

- সেরকম ১৮ থেকে ৩ টি করে বিয়োগ করে চলঃ

| | |
|---|---|
| ১৮ - ৩ = ১৫ | ৩ বিয়োগ হল ১ বার |
| ১৫ - ৩ = ১২ | ৩ বিয়োগ হল ১ বার |
| ১২ - ৩ = ৯ | ৩ বিয়োগ হল ১ বার |
| ৯ - ৩ = ৬ | ৩ বিয়োগ হল ১ বার |
| ৬ - ৩ = ৩ | ৩ বিয়োগ হল ১ বার |
| ৩ - ৩ = ০ | ৩ বিয়োগ হল ১ বার |
| | মোট বিয়োগ হল ৬ বার |


একে ভাগ প্রক্রিয়ায় কি ভাবে লেখা হয় দেখ। ১৮ ÷ ৩ = ৬

## অভ্যাস

১ কত বার যেতে পারবে দেখ ও পুরণ কর।

| ১২ থেকে ৪ | ১৮ থেকে ৬ | ২৮ থেকে ৭ | ৩৫ থেকে ৫ | ৩২ থেকে ৮ |
|---|---|---|---|---|
| ১২<br>- ৪ (১ বার) | | | | |
| ৮<br>- ৪ (২ বার) | | | | |
| ৪<br>- ৪ (৩ বার) | | | | |
| ০<br>১২ ÷ ৪ = ৩ | | | | |

২। সূচনা অনুযায়ী বস্তুগুলিতে গোল ঘুরাও ।এবং খালি ঘর পূরণ কর।

| বস্তু | সূচনা | ভাগ সংখ্যা | ভাগ প্রক্রিয়া ক্রমিকবিয়োগ |
|---|---|---|---|
|  | একটি ভাগে ৫ টি গ্লাস | ৩ | ১৫ -৫ = ১০<br>১০ -৫ = ৫<br>৫ -৫ = ০<br>অর্থাত<br>১৫ ÷ ৫ = ৩ |
|  | একটা ভাগে ৩ টি কাপ | | |
|  | একটা ভাগে ৭টি মগ | | |
|  | একটা ভাগে ৬টি চামচ | | |
|  | একটা ভাগে ৪ টি বাল্ব | | |

৩। প্রত্যেক লাইনের গুনকে কি ভাবে ভাগ প্রক্রিয়ায় প্রকাশ করা যাবে লেখ।

| | | |
|---|---|---|
| ৫ × ৪ = ২০ | ২০ ÷ ৪ = ৫ | ২০ ÷ ৫ = ৪ |
| ৬ × ৮ = ৪৮ | ..... ÷ ....... = ......... | ........ ÷ ........ = ........ |
| ........ × ....... = ....... | ৩৫ ÷ ৭ = ৫......... | ........ ÷ ........ = ........ |
| ........ × ....... = ....... | ........ ÷ ....... = ....... | ২৪ ÷ ৩ = ৮ |
| ৯ × ৬ = ৫৪ | ..... ÷ ....... = ......... | ........ ÷ ........ = ........ |

৪। হরণপ্রক্রিয়াকে দেখে বিন্দু সাজাও।

ক) ৪০ ÷ ৫ = ৮

খ) ৬৩ ÷ ৭ = ৯

গ) ৪৮ ÷ ৬ = ৮

ঘ) ২৭ ÷ ৯ = ৩

ঙ) ৭২ ÷ ৮ = ৯

৫। নামতা মনে করে শূন্যস্থান পূরণ কর।

৮ ÷ ২ = ..........

৩৫ ÷ ৭ = ..........

১২ ÷ ৩ = ..........

৪৫ ÷ ৯ = ..........

৩৫ ÷ ৫ = ..........

৪০ ÷ ৮ = ..........

৩০ ৬ = ..........

২৪ ÷ ৪ = ..........

৬। বড় সংখ্যার থেকে ছোট সংখ্যাটিকে কতবার বিয়োগ করা যেতে পারবে বল, এবং এটিকে ভাগ প্রক্রিয়ায় প্রকাশ কর।

ক) ২৮ থেকে ৭ খ) ৩৫ থেকে ৫ গ) ৪২ থেকে ৬

ঘ) ৫৬ থেকে ৮ ঙ) ৭২ থেকে ৯

৭। শুন্যস্থান পূরণ কর।

ক) ৮১ ÷ ৯ = ..........

খ) ৪৯ ÷ ৭ = ..........

গ) ৭০ ÷ ১০ = ..........

ঘ) ৩০ ÷ ১০ = ..........

ঘ) ........ ÷ ১০ = ৪

৮। প্রতিবার ১০ করে বিয়োগ করে প্রত্যেক ক্ষেত্রের ভাগফল নির্ণয় কর।

৩০ ÷ ১০ = ৩

৫০ ÷ ১০ = ৫

৭০ ÷ ১০ =

৯০ ÷ ১০ =

১১০ ÷ ১০ =

১৪০ ÷ ১০ =

২০০ ÷ ১০ =

১৮০ ÷ ১০ =

ক) এখানে ভাজ্য ও ভাগফলের মধ্যে কি সম্পর্ক দেখছ।

খ) এখান থেকে আমরা কি জানলাম ?

একক ঘরে শূন্য থাকা কোন সংখ্যা কে ১০ দিয়ে ভাগ করলে, সেই সংখ্যার একক স্থানে থাকা শুন্য (০) উঠে গিয়ে যে সংখ্যা মেলে, তা ভাগফল হয়ে থাকে।

| | |
|---|---|
| ৯। ক) তৃতীয় শ্রেনীর ছাত্র সংখ্যা ৩৬। প্রত্যেক সারিতে ৪ জন করে ছাত্র বসলে, কটা সারিতে সব ছাত্র বসবে ? | |
| খ) একটা বিস্কুটের প্যাকেটের দাম ৫ টাকা, মদনের কাছে ২৫ টাকা আছে, সে কটা বিস্কুট প্যাকেট কিনতে পারবে ? | |
| গ) ২৭ মিটার লম্বা দড়িকে ৩ মিটার লম্বার , কতটি দড়ি কাটা যেতে পারবে। | |
| ঘ) ৭২ টি বেগুনের চারা একটা প্লটে সারি সারি করে লাগানো হল। প্রত্যেক সারিতে ৮ টি চারাগাছ লাগানো হলে , কটা সারি হবে। | |

# মাপ করব



চিত্রতে বাচ্ছাটি টেবিলের দৈর্ঘ্য বিঘতে মাপছে। তুমি এবং তোমার বন্ধুরা নিজে নিজের বিঘতে তোমাদের শ্রেনীর টেবিল মাপা ও নিচের তালিকা পূরণ কর।





| বাচ্ছার নাম | টেবিলের দৈর্ঘ্য |
|---|---|
| গোপাল | ৮ বিঘত |
| | |
| | |
| | |

তোমার ব্লাক বোর্ড এর দৈর্ঘ্য হাতে স্লেটের চওড়া আঙুলে ও শ্রেনীর দৈর্ঘ্য লাঠিতে মাপ ও নিচের তালিকা পূরণ কর।

| বাচ্ছার নাম | ব্ল্যাক বোর্ড এর দৈর্ঘ্য | স্লেটের চওড়া | শ্রেনীর গৃহের দৈর্ঘ্য |
|---|---|---|---|
| মিলি | ৮ হাত | ১৩ আঙুল | ১০ বাড়ি |
| | | | |
| | | | |
| | | | |

আঙুল ও হাতের মাপ দেখ, মাপ গুলো সমান কি?

সমান না হওয়ার কারন কি? লাঠির মাপগুলো সমান কেন হল?

মিটার পাটা দেখ।

এখানে লেখা হয়ে থাকা সংখ্যা গুলো বল।





০...., ১০....,১০...., ২০...., ২০...., ৩০...., ৮০...., ৯০...., ১০০ মধ্যে ছোট ছোট দাগ গুলিকে দেখ। দুটি বড় দাগের মধ্যে কটা ছোট দাগ আছে বল ? এই দুটি পাশাপাশি ছোট দাগের দূরত্ব ১ সে. মি. ছোট ছোট দাগ গুলোকে সে. মি. বলে।

লক্ষ্য কর - **১ মিটার ১০০ সে. মি.।**

মিটার স্কেলে তোমার শ্রেনীতে থাকা জানালার উচ্চতা জানালার চওড়া, বারান্দার চওড়া মাপ।

| বাচ্ছাদের নাম | জানালার উচ্চতা | জানালার চওড়া | বারান্দার চওড়া |
|---|---|---|---|
| গোপাল | | | |
| | | | |
| | | | |
| | | | |

তোমার স্কুল বারান্দার দৈর্ঘ্য, ফুল বাগানের দৈর্ঘ্য কুঁয়ার দড়ির দৈর্ঘ্য। আফিস থেকে গেট এর দূরত্ব ইত্যাদি দেখ ও অনুমান করে সেগুলির দৈর্ঘ্য কত হবে বল। মিটার স্কেলে মেপে লেখ ও তোমার অনুমানের সঙ্গে মিটার স্কেলের মাপ কতটা মিলছে দেখ।

| | আনুমানিক মাপ | সত্যিকারের মাপ |
|---|---|---|
| স্কুল বারান্দার দৈর্ঘ্য | | |
| ফুল বাগানের দৈর্ঘ্য | | |
| কুঁয়ার দড়ির দৈর্ঘ্য | | |
| অফিস থেকে গেটের দুরত্ব | | |


● শুন্যস্থান পূরণ কর।

| | |
|---|---|
| ১ মিটার = | ১০০ সেন্টিমিটার |
| ৫ মিটার = | |
| ৭ মিটার = | |
| ৮ মিটার = | |
| ৪ মিটার = | |

বই, স্লেট, কলম, পেনসিল, রিফিল ইত্যাদি ছোট ছোট জিনিষের মাপ স্কেল দ্বারা করা হয়।




এটা একটা স্কেলের চিত্র। এর বড় দাগ ও সংখ্যাগুলি দেখ। দুটি পাশাপাশি বড় দাগের মাঝের দূরত্বকে ১ সেন্টিমিটার বলাহয়। এতে ১, ২, ৩,.......১৫ পর্যন্ত সংখ্যা লেখা আছে। এটা ১৫ সেন্টিমিটার লম্বা একটা স্কেল।





চিত্রতে পেনসিলের এক মাথা ‘০’ উপরে আছে। পেনসিলটির ছুঁচলো মাথাটি ৮ উপরে আছে। পেনসিলের দৈর্ঘ্য ৮ সেন্টিমিটার। স্কেলের সাহায্যে তোমার বই, স্লেট, কলম, পেনসিল এর দৈর্ঘ্য মাপ ও নীচের তালিকা পূরণ কর।


| বস্তুর নাম | মাপ |
|---|---|
| বই এর দৈর্ঘ্য | |
| স্লেট এর দৈর্ঘ্য | |
| কলম এর দৈর্ঘ্য | |
| পেনসিল এর দৈর্ঘ্য | |

- তুমি বসা আসনের দৈর্ঘ্য, ব্যবহার করা স্কুল ব্যাগের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা, তোমার গণিত খাতার দৈর্ঘ্য, সেণ্টিমিটারে কত হবে অনুমান করে বল ও মেপে দেখ। তোমার কল্পনা কতদূর ঠিক হল।

| | আনুমানিক মাপ | প্রকৃত মাপ |
|---|---|---|
| আসন এর দৈর্ঘ্য | ৭৫ সে.মি. | ৬৪ সে.মি. |
| স্কুল ব্যাগ এর দৈর্ঘ্য | | |
| স্কুল ব্যাগ এর প্রস্থ | | |
| স্কুল ব্যাগ এর উচ্চতা | | |
| গণিত খাতা এর দৈর্ঘ্য | | |

হাতী বানাবে পোষাক
দরজির কাছে দেবে মাপ
পাসের দরজি চেয়ে বসে আছে
কেবা আসে পোষাক বানাতে
হাতী আসছে দেখে
সে হল ভারী খুসী
ফিতেতে মেপে রাখল সে মাপ
১২ মিটার কাপড় দরকার তার
টাকা দিলে কাপড় কেনা হবে আজ





দর্জি আমাদের পোশাকের মাপ নেওয়ার সময় ফিতার সাহায্যে মাপ নেয়। এখানে একটি ফিতার চিত্র দেওয়া আছে। তোমাদের প্রত্যেকের উচ্চতা এরকম ফিতার সাহায্যে মাপ। এক তালিকা প্রস্তুত করে প্রত্যেকের উচ্চতা লেখ।

● **এস হিসাব করব।**


ক) তোমার শ্রেনী গৃহের দৈর্ঘ্য ৬ মিটার এবং প্রস্থ ৫ মিটার। এর দৈর্ঘ্য ও প্রস্থ মিলে কত ?

| | | |
|---|---|---|
| | | ৬ মিটার |
| | + | ৫ মিটার |
| অতএব দৈর্ঘ্য প্রস্থ মিলে = | | ১১ মিটার |
| খ) খেলার মাঠের দৈর্ঘ্য | | ১৮ মিটার ৫০ সে. মি. |
| খেলার মাঠের প্রস্থ | + | ১১ মিটার ২৫ সে. মি. |
| দৈর্ঘ্য ও প্রস্থ মিলে = | | ২৯ মিটার ৭৫ সে. মি. |


যোগ করার সময় মিটারের সঙ্গে মিটার সে. মি. সঙ্গে সে. মি. যোগ করা হয়।

## অভ্যাস


১। দৈর্ঘ্য মাপ ও হিসাব কর।




প্রথম চিত্র





দ্বিতীয় চিত্র




তৃতীয় চিত্র

| চিত্র | কখ ও গঘ বাহুর দৈঘ্য মিলে | খগ ও কঘ বাহুর দৈঘ্য মিলে | পাশাপাশি দুটো বাহুর দৈর্ঘ্য মিলে ( কঘ ও কখ ) |
|---|---|---|---|
| প্রথম চিত্র | | | |
| দ্বিতীয় চিত্র | | | |
| তৃতীয় চিত্র | | | |

২। চিত্র দেখে ও হিসেব কর





কখ + গঙ = ............ + ............ =

কখ + কগ = ............ + ............ =


ঙঘ + ঘখ = ............ + ............ =

কখ + ঘখ = ............ + ............ =

৩। সিমা কোন রাস্তায় গেলে কম রাস্তা অতিক্রম করে বাস ধরবে ? রাস্তা কত কমে যাবে।




৪। বেড়াল কোন রাস্তা দিয়ে ইদুর কে ধরলে কম রাস্তা যেতে হবে ?।




৫। লাঠি গুলোর দৈর্ঘ্য মাপ ও দেখ।




১ ম লাঠি ও ২য় লাঠির দৈর্ঘ্যের মধ্যে পার্থক্য = ১১ মিটার - ৪ মিটার = ৭ মিটার

৩ য় লাঠি ও ২য় লাঠির দৈর্ঘ্যের মধ্যে পার্থক্য = =

৩ য় লাঠি ও ৪র্থ লাঠির দৈর্ঘ্যের মধ্যে পার্থক্য = =

৫ ম লাঠি ও ৩য় লাঠির দৈর্ঘ্যের মধ্যে পার্থক্য = =

৫ ম লাঠি ও ২য় লাঠির দৈর্ঘ্যের মধ্যে পার্থক্য = =

৬। হিসাব কর ও লেখ।

সার্কাসে থাকা বিভিন্ন পশুদের পোষাক তৈরীর জন্যে কত পরিমানের কাপড় দরকার দেওয়া হয়েছে। সেগুলো লক্ষ্য করে নিচের প্রশ্ন গুলির উত্তর দাও।







| | |
|---|---|
| বানর | ১ মি ২০ সেমি |
| বেড়াল | ৬০ সে মি |
| ভাল্লুক | ২ মি ২৫ সে মি |
| হাতী | ৫ মি |
| বাঘ | ৩ মি ২৫ সে মি |





বানর ও বেড়ালের জন্য কাপড় দরকার = ................ + ................ = .................

ভাল্লুক ও বানরের জন্য কাপড় দরকার = ................ + ................ = .................

বাঘ ও বেড়ালের জন্য কাপড় দরকার = ................ + ................ = .................

হাতী ও বাঘের জন্য কাপড় দরকার = ................ + ................ = .................

হাতী ও বানরের জন্য কাপড় দরকার = ................ + ................ = .................

ক) কোন দুজনের জন্য বেশী কাপড় দরকার ও কোন দুজনের জন্য কম কাপড় দরকার।


খ) কোন দুজনের জন্য ৭ মিটার ২৫ সেমি কাপড় দরকার ?

গ) কোন দুজনের জন্য ৬ মিটার ২০ সে মি কাপড় দরকার ?

ঘ)কোন দুজনের জন্য ৫ মিটার ৬০ সেমি কাপড় দরকার ?

ঙ) কোন দুজনের জন্য ৫ মিটার ৫০ সেমি কাপড় দরকার ?

৭। বল এবং লেখ।




ক) হরি বিপিনের থেকে কত লম্বা ?

খ) নরেশ গনেশের থেকে কত লম্বা ?


গ) রাম নরেশের থেকে কত লম্বা ?

ঘ) গনেশের উচ্চতা রামের থেকে কত কম ?

ঙ) নরেশ বিপিনের থেকে কত লম্বাৎ

চ) হরির উচ্চতা গনেশের থেকে কত কম ?

৮। বাঘের ঘরের থেকে কার দুরত্ব কত ?




দুরত্ব কত হিসেব করে বল ?

ক) শেয়ালের গর্ত থেকে ভাল্লুকের গুহা

খ) ভাল্লুকের গুহার থেকে হরিণের ঘর।


গ) সাপের গর্তের থেকে শেয়ালের গর্ত।

ঘ) হরিণের ঘরের থেকে সাপের গর্ত

ঙ) শেয়ালের গর্তের থেকে হরিণের ঘর

চ) ভাল্লুকের গুহার থেকে সাপের গর্ত

৯।



চিত্র দেখে বিভিন্ন বস্তুর দৈর্ঘ্য কত বল ও নিচের প্রশ্ন গুলির উত্তর লেখ।

ক) পেনসিল , রিফিলের থেকে কত কম ?

খ) পেন, পেনসিলের থেকে কত বড় ?

গ) স্ক্রু , পেরেকের থেকে কত ছোট ?

ঘ) পেন, রিফিলের থেকে কত কম ?

ঙ)রিফিল পেরেকের থেকে কত বেশী ?

চ) পেন পেরেকের থেকে কত বেশী ?

১০। শূন্য স্থান পূরণ কর

ক) ১৪০ সেমি = ১ মি ৪০ সেমি

খ) ৩৭৫ সেমি = ............. মি ....................সে মি

গ) ৫৮৫ সে মি =..............মি ..................সে মি

ঘ) ৯৮৮ সেমি = ................মি .................সে মি

১১। শূন্যস্থান পূরণ কর

ক) ২ মি ২৫ সেমি + ৭ মি ৫০ সেমি = ৯ মি ৭৫ সেমি

খ) ৫ মি ৫০ সেমি + ৪ মি ৪০ সেমি = .............. মি ............সেমি

গ) ১৭৫ মি ৩৫ সেমি + ৩৭৫ মি ৬০ সে মি = .............. মি ............সেমি

ঘ) ৩০৫ মি ৩৫ সেমি + ৩৯ মি ৫ সে মি = .............. মি ............সেমি

১২। শূন্যস্থান পূণর কর।

ক) ১৯ মি ৭৫ সে মি - ১৮ মি ৫০ সে মি =......................

খ) ১৩০ মি ৮১ সে মি - ৩০ মি ১৯ সে মি =......................


গ) ৭৮৯ মি ৯০ সে মি - ৩৮৪ মি ৭৫ সে মি =......................

মিটার থেকে মিটার এবং সে মি থেকে সে মি বিয়োগ করা হয়

| | |
|---|---|
| ১৩। বাবা দোকান থেকে সীতার ফ্রকের জন্যে ৩ মি ৭৫ সে মি ও প্যান্টের জন্য ১ মি ২০ সেমি কাপড় কিনলের মোট কত কাপড় কিনলেন। | ফ্রকের জন্য কাপড় ৩ মি ৭৫ সে মি<br>প্যান্টের জন্য কাপড় ১ মি ২০ সে মি<br>মোট কাপড় কিনলেন ৪ মি ৯৫ সে মি |
| ১৪। রিমা ৩৫ মি ৫৫ সে মি ও লিনা ২৭মি ৩০ সে মি সুতো কাটলে দুজনে মিলে কত সুতা কাটলো। | রিমা সুতো কেটেছে ৩৫ মি ৫৫ সেমি<br>লিনা সুতো কেটেছে ......................<br>দুজনে মিলে কেটেছে। .................... |
| ১৫। ঘুড়ি ওড়ানোর জন্য রহিম ১০৫ মি ৫০ সে মি ও সলিল ৮৭ মি ২৫ সে মি সুতো দোকান থেকে কিনল। দুজনের মোট কত লম্বা সুতো কিনলো। | রহিমের কেনা সুতো ........................<br>সলিসের কেনা সুতো ........................<br>মোট সুতো কিনলো ........................ |
| ১৬। তোমার ঘরের থেকে মন্দিরের দুরত্ব ৯৭৫ মি তুমি ৫৮০ মি হেটে হেটে গেলে বাকি রাস্তা বন্ধুর সঙ্গে সাইকেলে গেলে কত রাস্তা সাইকেলে গেলে? | ঘরের থেকে মন্দিরের দূরত্ব .....................<br>হেটে গেলে .....................<br>রাস্তা বাকি থাকলো .....................<br>..................... মিটার সাইকেলে গেল। |

| | |
|---|---|
| ১৭। একটা কূয়ার গভিরতা ৭৫ মি ৮০ সে মি। তোমার কাছে ৩৬ মিটারের দড়ি আছে। আর কত মিটার দড়ি জুড়লে তুমি কূয়া থেকে জল তুলতে পারবে? | |
| ১৮। তোমাদের ঘর থেকে ডাক্তার খানার দূরত্ব ৪৪৯ মিটার ৪০ সে মি। ডাক্তার খানা গিয়ে বাড়ি ফিরতে তুমি কত রাস্তা অতিক্রম করবে? | |

১৯। চিত্রতে দেওয়া সমান সমান দৈর্ঘ্য গুলিকে তীর চিহ্ন সাহায্যে জোড়।



অধ্যায় - ১৪

# ওজন ও পরিমান জানবো



পুরুলিয়া গ্রামের রাস্তায় ঢেঁড়া বাজনো হল। ঢেঁড়া বাদক বলছিল ''শোন শোন রেসনের দোকানে চিনি, চাল, গম ও কেরোসিন সুলভ মূল্যে পাওয়া যাচ্ছে। সন্ধ্যার সময় দোকান খোলা থাকবে।

বিবেক এ কথা শুনে বাড়িতে দৌড়ে এসে মাকে বলল '' মা ঢেঁরাওয়ালা বলছিল আজকে চিনি, গম, চাল কেরোসিন তেল রেসন দোকানে পাওয়া যাবে।''

মা- আমাদের ৪ কিলো ৪৫০ গ্রাম চিনি, ৮ কিলো ৫০০ গ্রাম চাল ও ২ লিটার ৫০০ মিলি কেরোসিন পাওয়া যাবে। স্কুল থেকে এসে তুই গিয়ে সে সব জিনিষ নিয়ে আসবি।



বিবেক খুব অসুবিধায় পড়লো। সেত এতগুলো কথা আগে শোনেনি কি জানেনা। এ সব জিনিষ ও ঠীক ঠাক কি ভাবে আনবে?

বিবেক স্কুল গিয়ে শিক্ষককে এ বিষয়ে জিজ্ঞাসা করল, শিক্ষক সব বাচ্ছাদের নিয়ে একটা দোকানে গেলেন।

- পূর্ব চিত্র দেখে বল

কিসের সাহায্যে দোকানের বিভিন্ন জিনিষ ওজন করা যাচ্ছে ?
বিভিন্নপ্রকার বাটখারা গুলো চেন।




২ কেজি　১ কেজি　৫০০গ্রাম　২০০গ্রাম　১০০গ্রাম　৫০গ্রাম　২০গ্রাম　১০গ্রাম


- দোকানে দাড়ি পাল্লা ও বাটখারার সাহায্যে কোন কোন জিনিষ ওজন করা যায়ে তার তালিকা কর।

________________________________

________________________________

________________________________

- তলায় চিত্রতে দেওয়া বাটখারা গুলোর তুলনা দেখ ও বোঝ।




এখান থেকে আমরা জানলাম

১ কি. গ্রা. = ☐ গ্রাম। আধ কিলোগ্রাম= ☐ গ্রাম

কিলোগ্রাম কে সংক্ষেপে কি. গ্রা. ও গ্রাম কে সংক্ষেপে গ্রা. লেখা হয় বাচ্ছারা শিক্ষকের সঙ্গে স্কুলে ফিরে এলো।

● নিম্ন লিখিত ওজনের জিনিষ আনলে কোন কোন বাটখারা ব্যবহার করতে হবে চিত্র করে দেখাও

| | |
|---|---|
| ২৫০ গ্রা. | |
| ৩৫০ গ্রা. | |
| ৭০০ গ্রা. | |
| ৮০০ গ্রা. | |
| ৪৫০ গ্রা. | |

● নীচের বাটখারা গুলিকে দেখ ও মোট কত ওজন আছে বল।


| | |
|---|---|
|   | ৭৫০ গ্রাম |
|   | ____ কি. গ্রা.. _____গ্রাম |
|   | ____ কি. গ্রা. ____গ্রাম |
|   | ____ কি. গ্রা. ____গ্রাম |
|   | ____ কি. গ্রা. ____গ্রাম |

স্কুল ছুটি হওয়ার পর বিবেক ঘরে ফিরল। সন্ধ্যা বেলা রেশন দোকনে গেল রাস্তায় ওর বন্ধু চিঙ্কুর সঙ্গে দেখা হল। দুজনে দোকানে পৌছল।

দোকানে কেরোসিন তেল শেষ হয়ে গিয়ে ছিল। বিবেক ৪ কি. গ্রা. ৭৫০ গ্রাম চিনি, ৮ কি. গ্রা. ৫০০ গ্রাম চাল ও চিন্টু ২ কি. গ্রা. ১০০ গ্রাম চিনি, ৪ কি. গ্রা. ২০০ গ্রাম ওজনের চাল কিনল।

- চিনি ও চাল কেনার জন্য ব্যবহার হয়ে থাকা বাটখারা চিত্র তে দেখাও।

| | |
|---|---|
| ৪ কি.গ্রা. ৭৫০ গ্রাম | |
| ৮ কি.গ্রা. ৫০০গ্রাম | |
| ২ কি.গ্রা. ১০০ গ্রাম | |
| ৪ কি.গ্রা.২০০ গ্রাম | |




- বিবেক ও চিন্টু মিলে কত ওজনের চিনি কিনল ?

| | |
|---|---|
| বিবেক চিনি কিনল | ৪ কি.গ্রা. ৭৫০ গ্রাম |
| চিন্টু চিনি কিনল | ২ কি.গ্রা. ১০০ গ্রাম |
| মোট চিনি কিনল | ৬ কি.গ্রা. ৮৫০ গ্রাম |

ওজন যোগ করার সময় কিলোগ্রাম কে কিলোগ্রামের সঙ্গে ও গ্রাম কে গ্রামের সঙ্গে যোগ করতে হবে।

- বিবেক ও চিন্টু মিলে কত ওজনের চাল কিনল ?

| | | | |
|---|---|---|---|
| বিবেক চাল কিনল | | ______ কি.গ্রা. | ______ গ্রাম |
| চিন্টু চাল কিনল | (+) | ______ কি.গ্রা. | ______ গ্রাম |
| মোট চাল কিনল | | ______ কি.গ্রা. | ______ গ্রাম |

- বিবেক চিন্টুর থেকে কত বেশী চিনি কিনলো ?

| | | | |
|---|---|---|---|
| বিবেক চিনি কিনল | | ______ কি.গ্রা. | ______ গ্রাম |
| চিন্টু চিনি কিনল | (-) | ______ কি.গ্রা. | ______ গ্রাম |
| বিবেক বেশি কিনল | | ______ কি.গ্রা. | ______ গ্রাম |

- বিবেক চিন্টুর থেকে কত বেশি চাল কিনল ?

| | | | |
|---|---|---|---|
| বিবেক চাল কিনল | | ______ কি.গ্রা. | ______ গ্রাম |
| চিন্টু চাল কিনল | (-) | ______ কি.গ্রা. | ______ গ্রাম |
| বিবেক চিন্টুর থেকে বেশী কিনল | | ______ কি.গ্রা. | ______ গ্রাম |

বিয়োগ করার সময়ে কিলোগ্রাম থেকে কিলোগ্রাম ও গ্রাম থেকেগ্রামকে বিয়োগ করা হয়।

# অভ্যাস

১। শূন্যস্থান পূরণ কব

| | কি.গ্রা. | গ্রা. |
|---|---|---|
| | ১৫ | ২৫০ |
| + | ৮ | ৫০০ |

| | কি.গ্রা. | গ্রা. |
|---|---|---|
| | ৯ | ৩৫০ |
| + | ৭ | ৬০০ |

| | কি.গ্রা. | গ্রা. |
|---|---|---|
| | ২৩ | ৪০০ |
| + | ৭ | ০৫০ |
| + | ০ | ০৭৫ |

| | কি.গ্রা. | গ্রা. |
|---|---|---|
| | ১৮ | ৭৫০ |
| - | ৩ | ৩২৫ |

| | কি.গ্রা. | গ্রা. |
|---|---|---|
| | ৯০ | ৭০০ |
| - | ৫৭ | ২২৫ |

| | কি.গ্রা. | গ্রা. |
|---|---|---|
| | ১০ | ০৫০ |
| - | ৩ | ০২৫ |

২। নৌকায় নদী পার হয়ে মেলা দেখার জন্যে বাঘ ভাল্লুক শেয়াল ও বানর বের হল। বেড়াল মাঝি হয়ে নৌকো চালাচ্ছিল। নদীতে প্রচুর জল। বেড়াল বলল আমি একবারে দুজনের বেশী নিতে পারবো না। এবং আমাকে বাদ দিয়ে ৭০ কি গ্রা ৭৫০ গ্রামের থেকে বেশী নিতে পারবো না।

যে দুজন গেলে নৌকা ডুবে যাবে। তারপাশে  চিহ্ন দাও।

ক) বাঘ - বানর

খ) ভাল্লুক - বানর

গ) বাঘ - শেয়াল

ঘ) বানর - শেয়াল

ঙ)বাঘ - ভাল্লুক


চ) ভাল্লুক - শেয়াল



৩। রাম বাবুর একটা বোকা চাকর ছিল। উনি ওকে বাক্সটি নিযে স্টেশনে যেতে বললেন। বাক্সর ওজন ৯৬ কি গ্রা ৬০০ গ্রাম। চাকরটির বাক্সটিকে ভারি লাগতে সে ভাবল বাবুত আমাকে বাক্স নিতে বলেছেন। ভিতরে থাকা জিনিষগুলো না নিলেও চলবে এ কথা ভেবে সে জিনিষগুলোা ফেলে দিল। স্টেশনে দেখার সময় বাক্স ফাঁকা ।খালি বাক্সের ওজন ছিল ৩৫ কি গ্রা ৫৫০ গ্রা।চাকর কত ওজনের জিনিষ ফেলে দিল।

এস পরীক্ষা করব

- একটা দাড়িপাল্লা নাও তার বামদিগের পাল্লাতে ১ কিলো গ্রা বাটখারা রাখ। সমান ওজনের ইটের খন্ড ডান দিকের পাল্লায় রাখ।
- ডান দিকের পাল্লায় পড়া ইটের খন্ডর ওজন কত ?
- এখন ইটের খন্ড টিকে ভেঙে ছোট ছোট ৩ বা ৪ টুকরো করে দাও।



- ছোট ছোট ইটের টুকরোর সমষ্টি কত হবে ?
- দাড়িপাল্লার বামদিকের পাল্লায ১ কিলো গ্রাম বাটখারা রেখে ডান দিকের পাল্লায় ছোট ছোট ইটের টুকরো গুলি রাখ।

একটা নির্দিষ্ট ওজনের বস্তুকে ছোট ছোট খন্ড করে দিলেও ছোট খন্ডদের ওজন, মূল বস্তুর ওজনের সঙ্গে সমান হবে।

এস আর একটা কাজ করব।

- কিছু চকটান মাটি সংগ্রহ কর।
- ওকে দুই সমান মাটির গোলায় পরিণত কর।
- মাটির গোলা দুটিকে আলাদা আলাদা কাগজের ওপর রাখ। কাগজ দুটির ওপর 'ক' ও 'খ' লিখে দাও।
- 'খ' লেখা থাকা মাটির গোলাকে ছোট ছোট ৪ বা ৫ খন্ড করে দাও ও একটা খন্ড ফেলে দাও।
- এখন 'ক' লেখা থাকা মাটির গোলার ও জন 'খ' লেখা থাকা মাটির গোলাদের সঙ্গে সমান হবে কি
- এরকম কেন হবে লেখ।

কুমড়ো ও লাউ এর মধ্যে ঝগড়া হল। কার ওজন বেশী? দুজনে গেল চাষীর কাছে। দাড়িপাল্লার দুটো পাল্লায় দুজনে বসল। কার ওজন বেশী? চাষী একটা ২ কিঃ গ্রাঃ ওজনের বাটখারা কে লাউর কাছে রেখে দিল। এখন দুটে পাল্লার ওজর সমান হয়ে গেল।



- কুমড়োর ওজন লাউয়ের ওজনের থেকে কত বেশী?
- লাউর ওজন কুমড়োর ওজন থেকে কত কম?

আনাজ কেনার সময় দোকানী এভাবে ওজন করা দেখে থাকবে। দাড়িপাল্লার কোন দিকে কি পড়েছিল ও কত ওজনের জিনিষ বিক্রি করেছিল তোমর বন্ধুকে বল।

## তরল পদার্থের মাপ

নীচের দেওয়া বিভিন্ন মাপের পলাদের লক্ষ কর।




৫০ মিলি লিটার ১০০ মিলি লিটার ২০০ মিলি লিটার ৫০০ মিলি লিটার ১ লিটার

এই পলা গুলোর সাহায্যে দোকানী কি কি মাপে তার একটা তালিকা কর। অধিক পরিমান তরল পদার্থ মাপার জন্য বড় বড় মাপ পাত্র ও ব্যবহার করা হয়।




এক লিটার পাত্র ২ লিটার পাত্র ৫ লিটার পাত্র ১০ লিটার পাত্র

মিলি লিটার কে সংক্ষেপে মি.লি. ও লিটার কে সংক্ষেপে লি. লেখা হয়।

এগুলি সংক্ষেপ লেখা।

৫ লিটার ২৫০ মিলি লিটার = ৫ লি. ২৫০ মি. লি.

৬ লিটার ৭৫০ মিলি লিটার = ________

৭ লিটার ৬৫০ মিলি লিটার = ________

৩ লিটার ২০০ মিলি লিটার = ________

৫০০ মিলি একটা পলা নাও। সেখানে পুরো জল নিয়ে ১ লিটার পলায় ঢাল। ৫০০ মিলি লিটার পলায় কত বার জল নিলে ১ লিটার জল হবে?

১ লিটার ১০০০ মিলি লিটার

- কোন কোন পলা বা পাত্র প্রয়োজন হবে লেখ।

| | |
|---|---|
| ৫৫০ মি. লি. | |
| ৩৫০ মি. লি. | |
| ১ লি. ৭৫০ মি. লি. | |
| ৩ লি. ৩০০ মি. লি. | |
| ৫ লি. | |
| ২ লি. ৫০০ মি. লি. | |

- প্রত্যেক লাইনে থাকা পলাগুলোকে একবার একবার পুরো দুধ দেওয়া হলে, কত পরিমান দুধ দেওয়া হবে লেখ।

| | |
|---|---|
|  | |
|  | |
|  | |
|  | |
|  | |
|  | |

- বিবেক দুধ ওয়ালার কাছ থেকে ২ লি. ৫০০ মি. লি. ও রানু ৩ লি. ২৫০ মি. লি. দুধ কিনল। দুজনে মিলে কত পরিমান দুধ আনল ?



| | |
|---|---|
| বিবেক দুধ কিনলো | ২ লি. ৫০০ মি. লি. |
| রানু দুধ কিনলো | ৩ লি. ২৫০ মি. লি. |
| মোট দুধ | ৫ লি. ৭৫০ মি লি. |

> তরল পদার্থ পরিমানের মাপের সময় লিটার কে লিটার ও মিলি লিটার কে মিলি লিটার এর সঙ্গে যোগ করা হয়।

- সোনু ও সালমা সরষের তেল কেনার জন্য দোকানে গেল। সোনু ৩ লিটার ২০০ মি. লিটার ও সালমা ৪ লি ৩০০ মি. লি তেল কিনল। দুজনে কত তেল কিনল ?

সোনু কিনল লি মি লি

সালমা কিনল লি মিলি

মোট তেল কিনল লি মিলি

- সোনু অপেক্ষা সালমা কত বেশী দুধ কিনল ?

সালমা কিনলো লি মি লি

সোনু কিনলো লি মি লি

সালমা বেশী কিনলো লি মিলি

- নীচে দেওয়া পাত্র চিত্র দুটি দেখ



কোন পাত্রে বেশী জল থাকবে তুমি ভাবছ ?

- এখন তুমি দুটি আলাদা আলাদা পাত্র নাও
- উভয় পাত্রে সমান পরিমানে জল ঢাল
- কোন পাত্রে বেশি জল থাকার মত মনে হচ্ছে ?
- তোমার বন্ধুকে জিজ্ঞেস কর কোন পাত্রে বেশি জল আছে ?
- সত্যিকার দুটি পাত্রে ভিন্ন ভিন্ন পরিমানে জল আছে কি ?

নির্দিষ্ট পরিমানের তরল পদার্থকে ভিন্ন ভিন্ন পাত্রে রাখা হলে তার পরিমান কমে না বা বাড়ে না।

এখন বল

একটা বড় পাত্রে কিছু জল নেওয়া হল, সে জলের থেকে কিছু জল নিয়ে অন্য পাত্রে রাখা হল, বেশী থাকা জল অন্য একটা পাত্রে রাখা হল। বড় পাত্রে থাকা জলের পরিমান প্রত্যেক ছোট পাত্রে থাকা জলের পরিমানের থেকে বেশি না কম? ছোট পাত্রে থাকা জলের পরিমান বড় পাত্রের জলের পরিমানের থেকে বেশি কি?

## অভ্যাস

১। তোমাদের ঘরে তেল, জল, দুধ প্রভৃতি পদার্থ রাখার জন্য যে যে পাত্র ব্যবহার করা হয়, তালিকা কর। কম থেকে বেশি জল থাকা পাত্র গুলোর নাম ক্রম অনুযায়ী সাজিয়ে লেখ।

২। একটা বোতল সংগ্রহ কর যাতে ১ লিটার জল থাকবে, একটুকরো কাগজ ১ লিটার লিখে ওই বোতালের ওপর আঠা দিয়ে লাগিয়ে দাও।

- বিদ্যালয়ে ও ঘরে থাকা বিভিন্ন প্রকার পাত্র বোতল, কাপ, বালতি, গ্লাস ইত্যাদি যোগাড়কর।
- এক লিটার মাপের বোতলের পুরো জল নিয়ে প্রত্যেক পাত্রে ঢাল।
- কোন কোন পাত্রে ১ লিটার থেকে বেশি ও কোন কোন পাত্রে ১ লিটারের থেকে কম জল ধরছে লেখ ও পাত্র গুলির চিত্র অংকন কর।

৩। চিত্রতে দেওয়া পলায় মুছে যাওয়া সংখ্যাটি কে লিখ।

ক) 


খ) 


গ) 


৪। কলসীতে ২ লিটার গ্লাসে ২০০ মি লিটার ও বাটিতে ১০০ মি লি জল ধরে




২০০ মি লি

১০০ মি লি

ক) কত বাটি জল হলে কলসী ভর্ত্তি হবে ?

খ) কত বাটি জল হলে গ্লাস ভর্ত্তি হবে ?

গ) এক কলসী জল থেকে কত গ্লাস জল পাওয়া যাবে ?

ঘ) এক কলসী জল থেকে ক বাটি জল পাওয়া যাবে ?

৫। খালি স্থানে উত্তর লেখ

| | | | |
|---|---|---|---|
| ১৫ লি. | ৬৪ লি. | ৮৯ লি. | ২৫০ মি. লি. |
| + ১২ লি. | + ১৫ লি. | + ১৬ লি. | + ৫০০ মি. লি. |
| ______ | ______ | ______ | ______ |

| | | |
|---|---|---|
| ৩২ লি. ৪৫০ মি. লি. | ১০ লি. ১০০ মি.লি. | ২ লি. ২৫০ মি.লি. |
| + ২৮ লি. ২০০ মি.লি. | + ৬৯ লি. ১৫০ মি.লি. | + ৩ লি. ৫০ মি.লি. |
| + ১২ লি. ১৫০ মি. লি. | + ২৮ লি. ২৫০ মি.লি. | + ১৬ লি. ৬০০ মি.লি. |
| ______ | ______ | ______ |

| | | |
|---|---|---|
| ৭৬ লি. ৬৪০ মি.লি. | ৬৮ লি. ২৫০ মি. লি. | ৬ লি. ৫৫০ মি. লি. |
| − ৫৪ লি. ৩২৫ মি. লি. | − ২৯ লি. ১০০ মি. লি. | − ৪ লি. ৩৭৫ মি. লি. |
| ______ | ______ | ______ |

৩। সমাধান কর

ক) একটা টিনে ২৫০ লি কেরোসিন তেল ধরে। অন্য একটা টিনে ১৭৫ লি কেরোসিন তেল ধরে। দুটি টিনে মোট কত কেরোসিন তেল থাকবে ?

| | |
|---|---|
| প্রথম টিনে কেরোসিন ধরে | ২৫০ লি. |
| দ্বিতীয় টিনে কেরোসিন ধরে | ১৭৫ লি. |
| মোট কেরোসিন ধরে | লি. |

খ) সীতা ১ লি ২৫০ মি লি দুধ চুমুক দিয়ে খেল। গীতা ৬৫০ মি লি দুধ চুমুক দিয়ে খেল। দুজনে মিলে কত দুধ চুমুক দিয়ে খেল ?


গ) একজন দোকানী সকালে ১৫ লি ৫০০ মি লি দুধ কিনল সন্ধ্যা বেলা ওর কাছে ৮ লি ২০০ মি লি দুধ বেড়েছে ও কত দুধ বিক্রি করছে।

ঘ) উমেশ ভুবনেশ্বর থেকে গাড়িতে করে আনন্দপুর গেল, ভুবনেশ্বরে ১৫ লি ৫০০ মি লি তেল কিনল আনন্দ পুর পৌছানোর সময় গাড়িতে ৪ লি ৩০০ মি লি তেল ছিলো। কত তেল খরচ হল ?

ঙ) দুধওয়ালা প্রত্যেক দিন গোবিন্দবাবুর বাড়িতে ২ লি ২০০ মি লি দুধ দেয়। একদিন সে ১৫০ মি লি কম দুধ দিল। তাহলে সেদিন সে কত পরিমানে দুধ দিল?

চ) রাম দোকান থেকে ১ লি. ১০০ মি. লি. সরিষা তেল আনল, মালতী তার থেকে ৬০০ মি. লি. বেশী তেল আনল, দুজনে মিলে কত তেল আনলো।

৭।






প্রত্যেক কলসীতে ১৬ লি. ৮৫০ মি.লি. জল ছিল কে কত জল খেল?

| | বাঁদর | খরগোশ | বেড়াল | ইঁদুর |
|---|---|---|---|---|
| কে কত জল খেল | | | | |
| কত জল বাড়ল | ১২ লি ৩০০ মি লি | ১৩ লি ৮০০ মিলি | ১৪ লি ১৫০ মিলি | ১৬ লি ৭৫০ মিলি। |

৮। একটা চৌবাচ্চায় ৫ লিটার জল ধরে । প্রতি ঘন্টায় ৩ লি. জল চৌবাচ্ছায় ভর্তি হয় ও ২ লি. জল বেরিয়ে যায় চৌবাচ্ছা ভর্ত্তি হতে কত সময় লাগবে?

৯। প্রতি জোড়া পাত্রের মধ্যে ছোট পাত্রে ভর্ত্তি জল নিয়ে বড় পাত্রে ঢাল। ছোট পাত্রে কত বার জল নিয়ে বড় পাত্রে ঢাললে পাত্রটির পূর্ণ হবে। অনুমান করে বল ও লেখ।










অধ্যায় - ১৫

# ক্যালেন্ডার থেকে শিখবো



নটখট চতুর্থ শ্রেনীতে পড়ে। ভারি চালকে। তৃতীয় শ্রেনীর শিশুদের মজা দেখানোর জন্য ডেকে বলল আমার এমন বিদ্যা জানাআছে বছরের কোন তারিখ কোন বারে পড়বে, আমি বলতে পারবো। চটপট জিজ্ঞাসা করল ২০১৪ সনের জানুয়ারী ২৩ তারিখ কোন বারে পড়ে ছিলো।

হ্রীং, ক্রীং, ব্রাং, প্রীং, শ্রীং জানুয়ারী মাসের ২৩ তারিখ বৃহস্পতি বারে পড়ে ছিল। সেদিন বিদ্যালয়ে নেতাজী সুভাষ চন্দ্র বোসের জন্ম দিন, পালন করা হয়েছিল।

সকলে আশ্চর্য্য হয়ে গেল।

চটপট ঘরে এসে বাবাকে সবকথা বলল, বাবা চটপটকে বললেন তুমি যদি ক্যালেন্ডারের ব্যবহার জানবে তাহলে, নটখটের মত বিদ্যা দেখাতে পারবি।

চটপট জিজ্ঞাসা করল বাবা ক্যালেন্ডার কি? এর কাজ কি? এর থেকে দিন, বার কি ভাবে জানা যায়?

বাবা বলেন - আমি বলছি মন দিয়ে শোন।

- তুমি বছরের বার মাসও সপ্তাহের সাত দিনের নাম জান সে গুলিকে লেখ।। নীচে ২০০৯ সালের জানুয়ারী মাসের ক্যালেন্ডার দেওয়া হয়েছে।

জানুয়ারী - ২০১৪



| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | | | ১ | ২ | ৩ | ৪ |
| ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |
| ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | |



এই ক্যালেন্ডার থেকে কোন কোন তথ্য পাচ্ছ তার তালিকা কর।

১.
২.
৩.

জানুয়ারী মাসে মোট কত দিন ?

কোন মাস গুলো ৩১ দিনের আর কোন মাস গুলি ৩০ দিনের লেখ।

| ৩১ দিনের মাস | ৩০ দিনের মাস |
|---|---|
| | |

কেবল ফেব্রুয়ারী মাস ২৮ দিন, চার বছরে এক বার ২৯ দিন হয়, যে বৎষর ফেব্রুয়ারী ২৯ দিন হয় সে বৎষর কে অধিবর্ষ বা লিপইয়ার বলা হয়।

**ফেব্রুয়ারী - ২০০৯**

| | | | | |
|---|---|---|---|---|
| রবি | ১ | ৮ | ১৫ | ২২ |
| সোম | ২ | ৯ | ১৬ | ২৩ |
| মঙ্গল | ৩ | ১০ | ১৭ | ২৪ |
| বুধ | ৪ | ১১ | ১৮ | ২৫ |
| বৃহস্পতি | ৫ | ১২ | ১৯ | ২৬ |
| শুক্র | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| শনি | ৭ | ১৪ | ২১ | ২৮ |

**মার্চ - ২০০৯**

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ |
| ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ |
| ২৯ | ৩০ | ৩১ | | | | |

মাসের তারিখ গুলো সাতটি বারের ডান দিকে বা তলায় তলায় এমন ভাবে লেখা হয়েছে যে তাকে দেখলে মাসের কোন তারিখ কোন বারে পড়ছে জানা যায়। ক্যালেন্ডারের তারিখ ও বার এভাবে সাজানো হয়।

ওপরের ক্যালেন্ডার দেখে তলার প্রশ্ন গুলোর উত্তর দাও।

- ফেব্রুয়ারী মাসের কটা রবিবার পড়েছে?
- মার্চ মাসে কটা বৃহস্পতিবার পড়েছে।
- ফেব্রুয়ারী মাসের বুধবার কোন কোন তারিখে পড়েছে?
- মার্চ মাসের ৬ তারিখ থেকে ১৭ তারখি কত দিন ?
- তুমি মামার বাড়িতে ফেব্রুয়ারী ২৫ তারিখ পৌছলে ও মার্চ মাসের ৬ তারিখে ফিরে এলে। সেখানে কত দিন থাকলে ?

● ক্যালেন্ডার দেখে খালি ঘর পূরণ কর।

ফেব্রুয়ারী মাসের

প্রথম মঙ্গলবার _______ তারিখ প্রথম শনিবার _______ তারিখ
দ্বিতীয় মঙ্গলবার _______ তারিখ দ্বিতীয় শনিবার _______ তারিখ
তৃতীয় মঙ্গলবার _______ তারিখ তৃতীয় শনিবার _______ তারিখ
চতুর্থ মঙ্গলবার _______ তারিখ চতুর্থ শনিবার _______ তারিখ

## অভ্যাস

১। শূন্যস্থান পূরণ কর।

ক) মাসের প্রথম রবিবার ১ তারিখে পড়লে দ্বিতীয় রবিবার _____ তারিখে পড়বে।

খ) মাসের দ্বিতীয় সোমবার ৯ তারিখে হলে তৃতীয় সোমবার _____ তারিখে পড়বে।

গ) মাসের তৃতীয় শুক্রবার _____ তারিখে হলে চতুর্থ শুক্রবার ২৮ তারিখে হবে।

ঘ) মাসের পঞ্চম শুক্রবার ৩০ তারিখে পড়লে, সেই মাসের চতুর্থ শুক্রবার _____ তারিখ হবে।

ঙ) মাসের প্রথম মঙ্গলবার ৪ তারিখে পড়লে, তৃতীয় মঙ্গলবার _____ তারিখে পড়বে।

চ) ২০০৮ সালের এপ্রিল মাস প্রথম বৃহস্পতিবার ৩ তারিখে পড়েছিল, সে মাসের শুক্রবার গুলি __________________ তারিখে পড়েছিল।

২। নিচের ক্যালেন্ডারের খালি ঘর গুলো পূরণ কর।

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| * | * | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | ৩০ | * | * | * |

এই ক্যালেন্ডার কোন কোন মাসে হতে পারে লেখ।

৩। একটা বছরের জুন মাসের ক্যালেন্ডার নিচে দেওয়া হয়েছে একে লক্ষ্য করে সেই বছরের মে ও জুলাই মাসের ক্যালেন্ডার প্রস্তুত কর।

**জুন - ২০১৪**

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ |
| ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ |
| ২৯ | ৩০ | ৩১ | | | | |

**মে**

| | | | | |
|---|---|---|---|---|
| রবি | | | | |
| সোম | | | | |
| মঙ্গল | | | | |
| বুধ | | | | |
| বৃহস্পতি | | | | |
| শুক্র | | | | |
| শনি | | | | |



**জুলাই**

| | | | | |
|---|---|---|---|---|
| রবি | | | | |
| সোম | | | | |
| মঙ্গল | | | | |
| বুধ | | | | |
| বৃহস্পতি | | | | |
| শুক্র | | | | |
| শনি | | | | |

৪.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| সোম | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| মঙ্গল | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| বুধ | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| বৃহস্পতি | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| শুক্র | ৬ | ১৩ | ২০ | ২৭ | |
| শনি | ৭ | ১৪ | ২১ | ২৮ | |

ক্যালেন্ডারে টানা থাকা বাক্সের মধ্যে ছোট সংখ্যা বাছ। সব থেকে ছোট সংখ্যার সঙ্গে ৮ যোগ কর যোগ ফলে ৯ গুন কর। গুনন ফল কত হল? এখন বাক্সের মধ্যে থাকা ৯ টি সংখ্যাকে যোগ কর।

কি লক্ষ্য করলে?

তুমি সে ভাবে ক্যালেন্ডারের কুহক সংখ্যা বের করে পরীক্ষ কর।

সূচনা - এই পাঠটি পড়ানোর সময়ে শিক্ষক চলিত বছরের ক্যালেন্ডার ব্যবহার করবেন।

অধ্যায় - ১৬

# টাকা পয়সার হিসাব।

আমরা সমান





- ওপরে থাকা নোটের পরিমানের সঙ্গে নিচের লাইনে থাকা যে নোট গুলির পরিমান সমান তাকে তার চিহ্ন দিয়ে জোড়।









- মাঝখানের ঘরের টাকার পরিমান যে ঘরের টাকার পরিমানের সঙ্গে সমান তাকে তীর চিহ্ন দিয়ে দেখাও।




- শূন্যস্থান পূরণ কর।

১০ টাকা =_______ টি ৫ টাকার নোট

=_______ টি ২ টাকার নোট

৫০ টাকা =_______ টি ১০ টাকার নোট

=_______ টি ৫ টাকার নোট

=_______ ৩টি ১০ টাকা +_______ টি ৫ টাকা

=_______ ২০ টাকা +_______ টি ১০ টাকা

১০০ টাকা =_______ টি ৫০ টাকা


=_______ টি ৫০ টাকা+_______ টি ২০ টাকা+_______ টি১০ টাকা

=_______ টি ২০ টাকা +_______ ৪ টি দশ টাকা +_______ টি ৫ টাকার নোট

- **তীর চিহ্ন দিয়ে মেলাও।**

| | |
|---|---|
| ২ টি ২০ টাকা + ৩ টি ১০ টাকা | ৮৫ টাকা |
| ৩ টি ১০ টাকা + ৫ টি ৫ টাকা | ৭৫ টাকা |
| ১ টি ৫০ টাকা + ২ টি ২০ টাকা | ৯০ টাকা |
| ৬ টি ১০ টাকা + ৩ টি ৫ টাকা | ৭০ টাকা |
| ৩ টি ১০ টাকা + ১০ টি ৫ টাকা | ৫৫ টাকা |
| ৭ টি ৫ টাকা + ৫ টা ১০ টাকা | ৮০ টাকা |
| | ১০০ টাকা |

- তলায় বিভিন্ন খেলনার দাম লেখা হয়েছে। লক্ষ্য কর


৭৫ টাকা


৫০ টাকা


৮০ টাকা


৮৫ টাকা


১২৫ টাকা


১৭৫ টাকা

- **মোট দাম কত হবে ?**

ক) মাছ ও মুরগির দাম মিলে ______ + ______ =

খ) টিয়া ও খরগোশের দাম মিলে ______ + ______ =

গ) কুকুর ও খরগোশের দাম মিলে ______ + ______ =

ঘ) টিয়া ও কাকের দাম মিলে ______ + ______ =

ঙ) কুকুর ও মুরগির দাম মিলে ______ + ______ =

চ) কাক ও মাছের দাম মিলে। ______ + ______ =

কলম ও রবার ______ + ______

বই ও পেনসিল ______ + ______

কলম ও বই ______ + ______

পেনসিল ও কলম ______ + ______


রবার ৪ টাকা


বই ১৮ টাকা


পেনসিল ৬ টাকা


কলম ১৫ টাকা

- বাবা নরেশকে সঙ্গে নিয়ে আনাজ কেনার জন্য বাজারে গেলেন। আলু ও কোপি দুটো জিনিষ কিনবেন। ৪ টি আনাজের দোকান ছিলো।













বাবা নরেশকে জিজ্ঞাসা করলেন। কোন দোকান থেকে আলু ও কপি কিনলে, কম দামে আমরা কিনতে পারব। নরেশ হিসেব করল।

| | ১ম দোকান | ২য় দোকান | ৩য় দোকান | ৪র্থ দোকান |
|---|---|---|---|---|
| আলু | ৫.০০ | ৫.৫০ | ৪.৭৫ | ৫.০০ |
| কোপি | ১২.০০ | ১৩.০০ | ২৪.০০ | ১২.৫০ |
| | ১৭.০০ | ১৮.৫০ | ১৮.৭৫ | ১৭.৫০ |

বল কোন দোকান থেকে কিনলে, কম দাম দিতে হবে।

- সেরকম হিসেব করে বল কোন কোন দোকানে কম দামে হবে?

– আলু ও পেঁয়াজ কিনলে

– পেঁয়াজ ও বেগুন কিনলে

– কোপি ও পেঁয়াজ কিনলে

– আলু ও বেগুন কিনলে

আলু ও পেয়াঁজ কিনে চতুর্থ দোকানদারকে ২০ টাকা দিলে সে কত টাকা ফেরাবে।

```
   টা.  প.
   ২০.০০
-  ১৩.০০
---------
    ৭.০০
```

চতুর্থ দোকন থেকে পেয়াঁজ ও বেগুন কিনলে ৫০ টাকা দিলে সে কত ফেরাবে?

```
   টা.  প.
   ৫০.০০
-  ১৭.০০
---------
   ৩৩.০০
```

তৃতীয় দোকান থেকে কোপি ও পেঁয়াজ কিনে ২৫ টাকা দিলে সে কত ফেরাবে।?

```
   টা.  প.
   ২৫.০০
-  ২১.০০
---------
    ৪.০০
```

## অভ্যাস

১। ক) ১০০ টাকার বদলে _______ টি ৫০ টাকার নোট পাওয়া যাবে।

খ) ৫০ টাকার বদলে _______ টি ২০ টাকার নোট ও _______ টি ১০ টাকার নোট পাওয়া যাবে।

গ) ২০ টাকার বদলে _______ টি ১০ টাকার নোট ও _______ টি ৫ টাকার নোট পাওয়া যাবে।

ঘ) ৫ টাকার বদলে _______ টি ২ টাকার নোট ও _______ টি ১ টাকার নোট পাওয়া যাবে।

| | |
|---|---|
| ২. তুমি ২০ টাকা দিয়ে একটা বল ও ৬৭ টাকা দিয়ে একটা ব্যাট কিনলে। মোট কত টাকা খরচ হল ? | বলের দাম = ________<br>ব্যাটের দাম = ________<br>মোট দাম = ________ |
| ৩. রহিম ৯৫ টাকা নিয়ে বাজারে গিয়েছিল। সে ৬৮ টাকা দিয়ে মুরগী কিনলো। তবে তার কাছে কত টাকা রইল ? | রহিমের কাছে ছিল = ________<br>মুরগীর কিনলো = ________<br>তার কাছে রইল = ________ |
| ৪. একটা খেলনার দাম ৬০ টাকা ৮০পয়সা, তোমার কাছে ৪৫ টাকা আছে আর কত টাকা হলে তুমি খেলনাটি কিনতে পারবে ? | খেলনার দাম = ________<br>তোমার কাছে আছে = ________<br>আর দরকার = ________ |
| ৫. গীতার কাছে ৯১ টাকা ৫০ পয়সা আছে মিতার কাছে তার থেকে ১২ টাকা ২৫ পয়সা কম আছে, মিতার কাছে কত টাকা আছে ? | |
| ৬. হরির কাছে ২৫ টাকা ৭৫ পয়সা ছিলো। মামা তাকে ৫০ টাকা দিলেন, সে ৬০ টাকা ৫০ পয়সা দিয়ে সার্ট কিনল। তার কাছে আর কত থাকল ? | |

অধ্যায় - ১৭

# সময় বলে আমি ঠিক ঠাক



ঘড়িতে কটা কাঁটা আছে?

ছোট কাঁটাটি ঘন্টার কাঁটা ।

সরু কাঁটাটি সেকেন্ডের কাঁটা

মোটা বড় কাঁটাটি মিনিটের কাঁটা

মিনিটের কাঁটা একবার ঘুরলে কটা ছোটঘর দিয়ে যায়? সেই সময় ঘন্টার কাটা একটা ছোট ঘর আগেযায়।

লক্ষ্য কর -

সেকেন্ড কাটাটি ৬০ টি ছোট ঘর ঘুরে এলে মিনিট কাটা একটা ছোট ঘর আগে যায়।

১ মিনিট = ৬০ সেকেন্ড



তুমি নিজের পছন্দের ঘড়ি বাছ





আমরা তিনজন একটা সংখ্যা

শূন্যস্থান পূরণ কর

| | | |
|---|---|---|
| (1)<br>(১) (I) | (2)<br>(২) (II) | (3)<br>(৩) (III) |
| (4)<br>( ) ( ) | (5)<br>( ) ( ) | (6)<br>( ) ( ) |

● নিজে লেখ

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ___ | ___ | 3 | ___ | ___ | ___ | 7 | ___ | ___ | ___ | ___ | 12 |
| ___ | ___ | ___ | ___ | V | ___ | ___ | ___ | IX | ___ | ___ | XII |

লক্ষ্য কর



ঘড়িটিতে ১২ টি সংখ্যা লেখা আছে।
মিনিট কাঁটা ১২ ওপরে
ঘন্টা কাঁটা ৯ ওপরে
সময় ৯ টা

● ঘড়ির ছবি দেখে সময় বল



বাচ্ছাটা ভোর ________ টার সময় ঘুম থেকে ওঠে





বাচ্ছাটি ________ টার সময় জল খাবার খায়





বাচ্ছাটি ________ টার সময় স্কুল যায়।





বাচ্ছাটি ________ টার সময় মধ্যাহ্ন ভোজন করে।



- কোন ঘড়ি তে কত সময় হয়েছে, ডান দিকে লেখা থাকা সময়ের সঙ্গে দাগ দিয়ে জোড়।



ছয়টা



আটটা



এগারটা



সাতটা



পাঁচটা

- আকাঁ হয়ে থাকা ঘড়িতে কাঁটা বসাও

সময় ২ টো 

সময় ৪টা 

সময় ১০টা 

সময় ১২টা 

লক্ষ্য কর ঃ




মিনিট কাঁটা ৬ ওপরে

ঘন্টার কাঁটা ৮ ও ৯ এর মাঝখানে।

সময় - ৮ টা ৩০ মিনিট

একে সাড়ে আটটা ও বলে

- ঘড়ির ছবি দেখে সময় বল।


← ________ টা ________ মিনিট


← ________ টা ________ মিনিট


← ________ টা ________ মিনিট


← ________ টা ________ মিনিট

- সময় দেখে ঘড়ির কাঁটা ও মিনিট কাঁটার চিত্র কর

সময় ৭ টা ←


সময় ১১ টা ←


সময় ৯টা ৩০ মিনিট ←


সময় ৫ টা ৩০ মিনিট ←


সময় ৭ টা ৩০ মিনিট ←


সময় ১২ টা ৩০ মিনিট ←





ঘন্টার কাঁটা প্রায় ৮ উপরে

মিনিট কাঁটা ১ উপরে

সময় ৮ টা ৫ মিনিট




ঘন্টার কাটা ১০ ও ১১ এর মাঝখানে

মিনিট কাঁটা ৩ এর উপরে

সময় ১০ টা ১৫ মিনিট




ঘন্টার কাঁটা ১২ ও ১ এর মাঝখানে

মিনিট কাঁটা ৫ এর উপরে

সময় ১২ টা ২৫ মিনিট




ঘন্টার কাঁটা প্রায় ৫ ও ৬ এর মাঝখানে

মিনিট কাঁটা ৯ এর উপরে

সময় ৫ টা ৪৫ মিনিট

● ঘড়ি চিত্রতে ঘন্টা কাঁটা ও মিনিট কাটার চিত্র এঁকে নিম্ন সময় গুলিকে দেখাও।



৮টা ২০ মিনিট



৭টা ০৫ মিনিট



৩ টা ২৫ মিনিট

দুই প্রকারের সময় গনণা



৮ টা ৩৫ মিনিট বা
৯ টা বাজতে ২৫ মিনিট বাকি



১০ টা ৪০ মিনিট বা
১১ টা বাজতে ২০ মিনিট বাকি

● প্রত্যেক ঘড়ির তলায় দু ভাবে লেখ।









- তুমি বাসে ৪ ঘন্টা ও রিক্সায় ৩ ঘন্টা বসলে মোট কত সময় বসলে ?

| | |
|---|---|
| বাসে বসলে | ৪ ঘন্টা |
| রিক্সায় বসলে | ৩ ঘন্টা |
| মোট সময় | ৭ ঘন্টা |

৪ ঘন্টা + ৩ ঘন্টা = ৭ ঘন্টা

- একজন শ্রমিক সকালে ৩ ঘন্টা ১৫ মিনিট ও বিকেল বেলা ২ ঘন্টা ৩০ মিনিট কাজ করল, সে ১ দিনে কত সময় কাজ করল ?

| | |
|---|---|
| সকালে কাজ করেছে | ৩ ঘন্টা ১৫ মিনিট |
| বিকালবেলা কাজ করেছে | ২ ঘন্টা ৩০ মিনিট |
| মোট কাজ করার সময় | ৫ ঘন্টা ৪৫ মিনিট |

সময় যোগ করতে ঘন্টা কে ঘন্টার সহিত ও মিনিট কে মিনিটের সহিত যোগ করা হয়।

যোগ কর।

| | ঘন্টা | মিনিটি |
|---|---|---|
| | ৫ | ৩০ |
| + | ৬ | ২৫ |
| | | |

| | ঘন্টা | মিনিটি |
|---|---|---|
| | ১২ | ২৫ |
| + | ৭ | ০৮ |
| | | |

| | ঘন্টা | মিনিটি |
|---|---|---|
| | ১৩ | ৪৫ |
| + | ২ | ১২ |
| | | |

- রেসনের দোকান সকালে ২ ঘন্টা ১০ মিনিট ও বিকেল বেলা ২ ঘন্টা ৪৫ মিনিট খোলা হয়। দিনে কত সময় দোকান খোলা থাকে ?

| | |
|---|---|
| সকালে খোলা থাকে | ২ ঘন্টা ১০ মিনিট |
| বিকাল বেলা খোলা থাকে | ২ ঘন্টা ৪৫ মিনিট |
| মোট খোলা থাকে | |

- রেল গাড়িতে ভুবনেশ্বর থেকে রায়গড় ১০ ঘন্টা ১০ মি লাগে। রায়গড়ার থেকে কোরাপুট ৪ ঘন্টা ১০ মিনিট সময় লাগে। ভুবনেশ্বর থেকে রায়গড়া হয়ে কোরাপুট যেতে কত সময় লাগে ?
- তোমার অঞ্চলে সকালে ২ ঘন্টা ১৫ মিনিট ও রাতে ১ ঘন্টা ১০ মিনিট বিদ্যুৎ কাট হয় দিনে মোট কত সময় বিদ্যুৎ কাট হয় ?
- তুমি সকালে ২ ঘন্টা ও রাতে ১ ঘন্টা ৩০ মিনিট লেখাপড়া কর। তুমি মোট কত সময় লেখাপড়া কর ?

# অভ্যাস

১। খরগোশের মাইল খুটিতে পৌছাতে কত সময় লাগবে ?



২। বাচ্চাটি কত সময় পরে ঘরে পৌঁছাল ?



৩। বাচ্ছাটি কত সময় খেলল ?



কার পরে কি ?



মা- অর্চ্চিতা তুমি আটা নুন, জল ও গামলাটা আন।

অর্চ্চিতা- মা , আটা মাখবে কি ?

মা - হ্যাঁ।



আটা মাখার পরে মা বললেন অর্চ্চিতা চাকি আর বেলনা কাঠি টাও আনবি।

অর্চ্চিতা বলল মা বেলনা চাকিতে আটা বেলে রুটি তৈরী করবে কি ?

মা -হ্যাঁ

মা , রুটি তৈরী করলেন।

তারপর মা অর্চ্চিতাকে বললেন,"

তুমি এখন তাওয়া, খুন্তি ও রুটির সেকার জালি উনুনের কাছে নিযে এস। একথা শুনে অর্চ্চিতা বলল, মা আমি জানি এর পর তুমি রুটি সেকঁবে। মা -খুসি হয়ে বললেন রুটি তৈরী করার পর কি হয় তুমি ঠিক জান।"





অর্চ্চিতা লাফিয়ে উঠে বলল আমরা সকলে একসঙ্গে খাব।

● কোন চিত্রয় কি হচ্ছে চিত্র দেখে বল।



চিত্র দেখে কোন কাজের পর কোন কাজ হচ্ছে ১, ২,৩,৪ দিয়ে সেগুলি চেনাও।

● তুমি এভাবে বিভিন্ন ক্রমান্বয়ে হওয়া কাজ গুলি কে লিখে কাজের ক্রমটি লেখ।

| | কাজের নাম | কোন ক্রমে কাজ হবে |
|---|---|---|
| ১। | দাঁত মাজা | |
| ২। | লেখাপড়া করা | |
| ৩। | কাপড় কাচা | |

অধ্যায় - ১৮

# তথ্য জানবো

তুমি কোনোদিন নন্দন কানন গেছ কি ?

সেখানে কত প্রকারের বাঘ দেখেছ ? কোন প্রকার বাঘের সংখ্যা বেশি ?

নিচের চিত্রতে বাঘের সংখ্যাকে সারনীতে দেওয়া হয়েছে।







সারনী

| বাঘের প্রকার | সংখ্যা |
|---|---|
| সাদা বাঘ | ৩ |
| মহাবল বাঘ | ৫ |
| চিতা বাঘ | ২ |
| করলাপাতা বাঘ | ১ |













- সারনী দেখে লেখ।

ক) ______ বাঘের সংখ্যা বেশি।

খ) ______ বাঘের সংখ্যা সব থেকে কম।

গ) ______ ও ______ বাঘের সংখ্যার সমষ্টি মহাবল বাঘের সংখ্যার সঙ্গে সমান।

২।



ফুলের চিত্র দেখে একটা সারনী প্রস্তুত করা হয়েছে।



| ফুলের নাম | ফুলের সংখ্যা |
|---|---|
| নয়ন তারা | ৪ |
| জবা | ৫ |
| গোলাপ | ৩ |
| অপরাজিতা | ২ |


সারনী দেখে উত্তর দাও।

ক) ——— ফুলের সংখ্যা সবথেকে বেশি।

খ) ——— ফুলের সংখ্যা সবথেকে কম।

গ) —— ও —— ফুল মিলে —— ফুলের সংখার সঙ্গে সমান।

৩। লুডো খেলা।








- তুমি কোনো দিন লুডো খেলেছ কি: লুডো গুটির কটা দিক আছে? লুডো গুটির প্রত্যেক পাশে থাকা বিন্দুদের সংখ্যা কত?

সুনু তার লুডো গুটি ২০ বার গড়ালো।

 চিহ্ন থাকা দিক ২ বার পড়লো।

 চিহ্ন থাকা দিক ৩ বার পড়লো।

সেরকম অন্য পাশগুলো কত বার পেল তা নিচের সারনীতে ততটা দাগ দিয়ে লেখা হয়েছে। একে ট্যালি চিহ্ন বলে।

| লুডু গুটির পাশ | ট্যালি চিত্র | মোট বার |
|---|---|---|
|  | ।। | ২ |
|  | ।।। | ৩ |
|  | ।।।।। | ৫ |
|  | ।।। | ৩ |
|  | ।।। | ৩ |
|  | ।।।। | ৪ |
| | মোট | ২০ |

সারনী দেখে খালি ঘর পূরণ কর।

সুনু ক) ——— পাশটি অধিক বার পেল

খ) ———পাশটি সব থেকে কমবার পেল

গ)——— ও ———— পাশটি সমান বার পেল।


সুনুর লুডো খেলা দেখলে, সেই খেলা থেকে অনেক তথ্য পেলে।

- এখন তুমি লুডোর গুটি ২০ বার গড়াও।
- সুনুর জন্য যেমন সারনী তৈরী হয়েছে, সে রকম একটা সারনী তৈরী কর।
- প্রত্যেক বার যে পাশ পড়লো তাকে ট্যালি চিহ্ন ( ।) দিয়ে সারনী তে লেখ।

এভাবে ২০ বার গড়ানোর পরে, সারনীতে কতবার কোন পাশ পড়েছে, ট্যালি চিহ্ন গুনে সারনীতে "মোট বার" ঘর পূরণ কর।

## অভ্যাস

১.



চিত্র দেখে সারনীতে ট্যালি চিহ্ন দাও।

সারনী

| পাতার নাম | ট্যালি চিহ্ন | মোট |
|---|---|---|
| আম | | |
| কাঁঠাল | | |
| পদ্ম | | |
| অশ্বত্থ | | |

শূন্যস্থান পূরণ কর ঃ

ক) ———পাতার সংখ্যা সবথেকে বেশী ও ——— পাতার সংখ্যা সব থেকে কম।

খ) পদ্ম পাতা ও কাঠাল পাতার সমষ্টি———।

গ) কাঁঠাল পাতা থেকে অশ্বত্থ পাতার সংখ্যা ———বেশি।

২। [১] [২] [৩] [৪] লেখা থাকা সমুদয় ১৫ টি কার্ড কে নিয়ে নিচে দেওয়া সারনীটি প্রস্তুত কর।

শিক্ষক প্রত্যেক ছাত্রকে ১৫ টি সংখ্যাকার্ড দেবেনও প্রত্যেক ছাত্র একটা একটা সারনী

| চিহ্নিত সংখ্যা | ট্যালি চিহ্ন( ।) | মোট |
|---|---|---|
| ১ | | |
| ২ | | |
| ৩ | | |
| ৪ | | |

সারনী প্রস্তুত করে নিচের প্রশ্ন গুলির উত্তর দাও।

ক) [১] চিহ্নত কার্ড ও [২] চিহ্নিত কার্ড এর মোট সংখ্যা কত হবে?

খ) কোন চিহ্নিত কার্ড এর সংখ্যা সব থেকে বেশী?

গ) কোন চিহ্নিত কার্ড এর সংখ্যা সব থেকে কম?

৩। ৩০ জন ছাত্রদের জুতোর মাপ সারনীতে দেওয়া হয়েছে। সারনী দেখে নিচে দেওয়া প্রশ্নের উত্তর দাও।

| জুতোর নম্বর | ছাত্রদের সংখ্যা | মোট |
|---|---|---|
| ৩ | । । । । । । | |
| ৪ | । । । । | |
| ৫ | । । । । । । । । । । | |
| ৬ | । । । । । । । | |
| ৭ | । । । | |
| মোট | | |

ক) কত জন ছাত্র ৩ নম্বর জুতো ব্যবহার করছে?

খ) ৪ নম্বর জুতো ব্যবহার করা ছাত্রদের সংখ্যা কত?

গ) ৭ নম্বর জুতো ব্যবহার করা ছাত্রদের সংখ্যা কত ?

ঘ) ৫ নম্বর জুতো ব্যবহার করা ছাত্রদের সংখ্যা কত ?


ঙ) সব থেকে বেশী সংখ্যাক ছাত্র কত নম্বর জুতো ব্যবহার করে ?

চ) সারনীর থেকে তোমরা কয়েকটি প্রশ্ন তৈরী কর ?

ও তোমার বন্ধুকে জিজ্ঞাসা কর।

নমুনা তৈরী করব।

- দৈনন্দিন জীবনে আমরা এগুলিকে দেখি।




এর পরবর্ত্তী দুটি চিত্র কি হবে বল ?



- কাপ সাজানো লক্ষ্য করে রে পরবর্ত্তী তিনটি চিত্র অংকন কর।




- রং দাও




তোমাদের পরিবেশের বিভিন্ন জিনিষের এইরকম নমুনাকে লক্ষ্য করে চিত্র আঁক।

# এস জানবো

- একটা চেস বোর্ডে (৮ × ৮) নাও



যেমন




(১×১) (২×২) (৩×৩)

একটা একটা বর্গক্ষেত্র বা বর্গচিত্র, সে রকম চেস বোর্ড এ মোট কটা বর্গ চিত্র সম্ভব নির্ণয় কর।

## এসো গুনব

- ত্রিভুজটিতে সমুদায় কটা ত্রিভুজ আছে গুনে লিখ।
  দেখ কে কত বেশী গুনে লিখতে পারছ।



# বন্দে উৎকল জননী

বন্দে উৎকল জননী ....
চারু হাসময়ী চারু ভাষময়ী
জননী জননী জননী ।০।

বন্দে উৎকল জননী
পুত পয়োধি বিধৌত শরীরা
তাল তমাল সুশোভিত তীরা
শুভ্র তটিনী কূল শীকর সমীরা
জননী জননী জননী ।১।

ঘন ঘন বনভূমি রাজিত অঙ্গে
নীল ভূধর মালা সাজে তরঙ্গে
কল কল মুখরিত চারু বিহঙ্গে
জননী জননী জননী ।৩।

সুন্দর শলি সুশোভিত ক্ষেত্রা
জ্ঞান বিজ্ঞান প্রদর্শিত নেত্রা
যোগী ঋষিগন-উটজ-পবিত্রা
জননী জননী জননী ।৪।